**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, রোববার ২০ ডিসেম্বর ২০১৫, ৬ পৌষ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রযুক্তিনির্ভর জঙ্গিবাদ নির্মূলে সবাইকে এগিয়ে আসতে হবে: প্রধানমন্ত্রী

২। অনিয়ম হলে ভোট কেন্দ্র বন্ধের নির্দেশ ইসির

৩। আজ বিজিবি দিবস: সীমান্ত ব্যাংকের লোগো নির্বাচন ও উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

৪। প্রাথমিক শিক্ষায় অনেক এগিয়েছে বাংলাদেশ : গবেষণা প্রতিবেদনের তথ্য

৫। যুদ্ধাপরাধীদের সম্পত্তি বাজেয়াপ্ত করে ব্যবহার করা হবে মুক্তিযোদ্ধাদের কল্যাণে : মুক্তিযুদ্ধ বিষয়কমন্ত্রী

৬। দেশেই সৌদির ভিসা নবায়ন করা যাবে

৭। ভয়াবহ ভূমিকম্প মোকাবিলায় বিশেষ উদ্যোগ : বিশ্ব ব্যাংক ও জাইকা দেবে ১৮কোটি ডলার

৮। চিকিৎসকদের ইন্টার্নশিপের মেয়াদ দু'বছর হচ্ছে

৯। 'লেপটোসপাইরোসিস' রোগ বাংলাদেশে প্রথম চিহ্নিত

১০। রাজশাহী বিশ্ববিদ্যালয়েও বাতিল হলো দ্বিতীয়বার ভর্তি পরীক্ষার সুযোগ

১১। পোশাক কারখানায় শ্রমিকদের কর্মপরিবেশ নিরাপদ করতে হবে: আন্তর্জাতিক শ্রম অধিকার ফোরামের গবেষণা

১২। তুলা আমদানিতে চীনকে ছাড়িয়ে যাচ্ছে বাংলাদেশ

চলমান পাতা/২

**১। প্রযুক্তিনির্ভর জঙ্গিবাদ নির্মূলে সবাইকে এগিয়ে আসতে হবে: প্রধানমন্ত্রী**

বর্তমান বহুকেন্দ্রিক বিশ্বে পরিবর্তনশীল প্রযুক্তি পারস্পরিক সংযোগ দৃঢ় করার পাশাপাশি মাঝেমাঝে প্রতিকূল পরিবেশও তৈরি করছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রযুক্তি ব্যবহার করে জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদের মাথাচাড়া দিয়ে ওঠা মোকাবিলায় প্রতিরক্ষা বাহিনীকে আরও সক্ষম করে তোলার ওপর গুরুত্ব দিয়েছেন তিনি। প্রধানমন্ত্রী গতকাল শনিবার মিরপুর সেনানিবাসে ন্যাশনাল ডিফেন্স কোর্স ও এএফডি কোর্সের গ্র্যাজুয়েশন অনুষ্ঠানে বক্তব্য রাখেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **সংবাদ** (শেষপৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮),**নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষপৃ,ক.১)।

**২। অনিয়ম হলে ভোট কেন্দ্র বন্ধের নির্দেশ ইসির**

আসন্ন পৌরসভা নির্বাচনে কোন ধরনের অনিয়ম হলে তাৎক্ষণিকভাবে ভোট কেন্দ্র বন্ধের নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন ( ইসি)। রিটার্নিং অফিসার ও আইন-শৃঙ্খলা বাহিনীর কাজে ক্ষুদ্ধ হয়ে কমিশন বলেছে, সবাই চেষ্টা করলে এবং মনোবল নিয়ে মাঠে নামলে অল্প সংখ্যক সদস্য নিয়েও সুষ্ঠু নির্বাচন করা সম্ভব। কেউ যাতে কেন্দ্র দখল করতে না পারে সে জন্য মোবাইল কোর্টকে দ্রুত ঘটনাস্থলে ছুটে যেতে হবে। শনিবার রাজধানীর বিয়ামে পৌর নির্বাচনে আইন-শৃঙ্খলা বাহিনী ও মাঠ প্রশাসনের সঙ্গে ইসির বৈঠকে এসব কথা বলেন প্রধান নির্বাচন কমিশনারসহ অন্য কমিশনাররা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **যুগান্তর** (**শেষ**পৃ,ক.৫) **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৬)

**৩। আজ বিজিবি দিবস: সীমান্ত ব্যাংকের লোগো নির্বাচন ও উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

বিজিবি সদস্যদের জন্য বহুল প্রতীক্ষিত 'সীমান্ত ব্যাংকের লোগো নির্বাচন করা হবে। আজ ২০ ডিসেম্বর পিলখানায় বিজিবি দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ ব্যাংকের লোগো নির্বাচন ও উদ্বোধন করবেন। এর পাশাপাশি সীমান্ত ব্যাংকের 'লেটার অব ইনটেন্ট' (ব্যাংকের পরিচালনার জন্য ইচ্ছাপত্র) বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান বিজিবির মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদের কাছে তুলে দেবেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **সমকাল** ( পৃ.২,ক.২)

**৪। প্রাথমিক শিক্ষায় অনেক এগিয়েছে বাংলাদেশ : গবেষণা প্রতিবেদনের তথ্য**

গত ১৬ বছরে দেশের প্রাথমিক শিক্ষার বিভিন্ন সূচকে অনেক এগিয়েছে বাংলাদেশ। এই সময় বিদ্যালয়ে গমন-উপযোগী শিশুদের ভর্তির হার যেমন বেড়েছে, তেমনি বেড়েছে প্রাথমিক শিক্ষা সমাপ্তের হার। বেড়েছে শিক্ষার্থীদের শেখার যোগ্যতা। কমেছে ঝরে পড়ার হার। লৈঙ্গিক সমতাও হয়েছে। প্রাথমিকে শিক্ষকদের যোগ্যতাও বেড়েছে। প্রাথমিক শিক্ষা নিয়ে বেসরকারি সংস্থা 'গণস্বাক্ষরতা অভিযান' এর এক গবেষণা প্রতিবেদনে এ তথ্য তুলে ধরা হয়েছে। 'এডুকেশন ওয়াচ-২০১৫' নামে এই প্রতিবেদনটি গতকাল শনিবার রাজধানীর আগারগাঁওয়ে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের মিলনায়তনে প্রকাশ করা হয়। সূত্র- **যায়যায়দিন** (পৃ.১,ক.২), **প্রথম আলো** (পৃ.৫,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.১) সংবাদ (পৃ.১,ক.৪)

**৫। যুদ্ধাপরাধীদের সম্পত্তি বাজেয়াপ্ত করে ব্যবহার করা হবে মুক্তিযোদ্ধাদের কল্যাণে: মুক্তিযুদ্ধ বিষয়কমন্ত্রী**

মুক্তিযুদ্ধ বিষয়কমন্ত্রী আ.ক.ম মোজাম্মেল হক বলেছেন, অচিরেই যুদ্ধাপরাধীদের স্থাবর অস্থাবর সমস্ত সম্পত্তি বাজেয়াপ্ত করে মুক্তিযোদ্ধাদের কল্যাণে ব্যবহার করা হবে। বাংলাদেশে যুদ্ধাপরাধীদের সম্পত্তি বাজেয়াপ্তের কোনো আইন নেই। এজন্য আইন প্রণয়ন করা হবে। বাংলাদেশের আর কোন মুক্তিযোদ্ধা অবহেলিত থাকবেনা। আগামী জুলাই থেকে মুক্তিযোদ্ধাদের সমস্ত রকম চিকিৎসা বিনামূল্যে করা হবে। মুক্তিযোদ্ধাদের বছরে ২টি উৎসব ভাতা প্রদান করা হবে। গতকাল শনিবার গোপালগঞ্জের কাশিয়ানি মুক্ত দিবসের মুক্তিযোদ্ধাদের সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.৭),

**৬। দেশেই সৌদির ভিসা নবায়ন করা যাবে**

সৌদি আরবে কর্মরত প্রবাসী শ্রমিক ও তাঁদের ওপর নির্ভরশীল ব্যক্তিদের মেয়াদোত্তীর্ণ ভিসা এখন নিজ নিজ দেশ থেকেই পুনরায় নবায়ন করে নেওয়া যাবে। সৌদি আরবের পররাষ্ট্র মন্ত্রণালয়ের জারি করা এক নির্দেশনার বরাত দিয়ে এ খবর দিয়েছে সৌদি আরবভিত্তিক ইংরেজি দৈনিক আরব নিউজ। নতুন এই পদক্ষেপের ফলে বাংলাদেশসহ বিভিন্ন দেশের হাজার হাজার নাগরিক পুনরায় সৌদি আরবে যাওয়ার সুযোগ পাবেন।
সূত্র-**প্রথম আলো** (শেষ পৃ.,ক.১), সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৮),

চলমান পাতা-৩

**৭। ভয়াবহ ভূমিকম্প মোকাবিলায় বিশেষ উদ্যোগ : বিশ্ব ব্যাংক ও জাইকা দেবে ১৮কোটি ডলার**

ভয়াবহ ভূমিকম্প ঝুঁকিতে রয়েছে বাংলাদেশ। যে কোন মুহূর্তে ভূমিকম্পে শহরাঞ্চলের হাজার হাজার বিল্ডিং ধসে পড়ে ঘটতে পারে বহু প্রাণহানি ও সম্পদের ক্ষতি। এ রকম প্রাকৃতিক দুর্যোগ থেকে ক্ষয় ক্ষতি কমিয়ে আনতে উন্নয়ন সহযোগীদের সহায়তায় বিশেষ উদ্যোগ নিয়েছে সরকার। যৌথভাবে দুর্যোগের হাত থেকে তিন শহর রক্ষায় সহযোগিতা দিচ্ছে বিশ্বব্যাংক ও জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা (জাইকা)। এ সংক্রান্ত দুটি প্রকল্প হচ্ছে আরবান রিজিলিয়ান্স প্রজেক্ট এবং বিল্ডিং সেফটি প্রজেক্ট। **সূত্র-জনকন্ঠ** (পৃ.১ ক.৫) **ইত্তেফাক** (শেষপৃ.১,ক.১)।

**৮। চিকিৎসকদের ইন্টার্নশিপের মেয়াদ দু'বছর হচ্ছে**

ইন্টার্ন চিকিৎসকদের ইন্টার্নশিপেরমেয়াদ দু'বছর করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। তিনি বলেন দু'বছরের মধ্যে এক বছর নিজের প্রতিষ্ঠানে এবং এক বছর গ্রামে অবস্থান করবেন ইন্টার্ন চিকিৎসকরা। গতকাল শনিবার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের এর শহীদ ডা. মিলন হলে এক অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**জনকন্ঠ** (পৃ.১,ক.২), সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৩), **ইত্তেফাক** (শেষপৃ.,ক.১)।

**৯। 'লেপটোসপাইরোসিস' রোগ বাংলাদেশে প্রথম চিহ্নিত**

দেশে প্রথমবারের মতো নতুন করে মারাত্মক একটি রোগ শনাক্ত করা হয়েছে। ইঁদুরের মলমূত্র থেকে খাবারের সঙ্গে মানুষের দেহে লেপটোসপাইরোসিস নামে এই রোগ শুরু হয়েছে। এই রোগে ইতোমধ্যে ৪ জন আক্রান্ত হয়েছে। আরও ৩ জন হাসপাতালে ভর্তি আছেন। সন্দেহভাজন ১০ জনের রক্তের নমুনা সংগ্রহ করে পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে। নরসিংদীর শিবপুরের জানকার টেক নামক এলাকায় এই রোগের নমুনা শনাক্ত করা হয়েছে। মহাখালী রোগ তত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের বিশেষজ্ঞ দল নতুন রোগ নিয়ে গবেষণা শুরু করেছেন। অন্য বিশেষজ্ঞদের মতে, এটা এক ধরনের মারাত্মক ব্যাকটেরিয়াজনিত রোগ। সূত্র-**সংবাদ** (শেষপৃ.,ক.২),

**১০। রাজশাহী বিশ্ববিদ্যালয়েও বাতিল হলো দ্বিতীয়বার ভর্তি পরীক্ষার সুযোগ**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পর এবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয়বার ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ বাতিল করা হয়েছে। গতকাল শনিবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। আগামী ২০১৬-১৭ শিক্ষাবর্ষে থেকে এ সিদ্ধান্ত কার্যকর হবে। বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক চৌধুরী সারওয়ার জাহান এ তথ্য নিশ্চিত করেছেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৪),

**১১। পোশাক কারখানায় শ্রমিকদের কর্মপরিবেশ নিরাপদ করতে হবে : আন্তর্জাতিক শ্রম অধিকার ফোরামের গবেষণা**

পোশাক কারখানার অবকাঠামোগত নিরাপত্তার পাশাপাশি শ্রমিকদের কাজের পরিবেশও নিরাপদ করতে হবে বলে সম্প্রতি প্রকাশিত ওয়াশিংটনভিত্তিক আন্তর্জাতিক শ্রম অধিকার ফোরামের এক গবেষণা প্রতিবেদনে বলা হয়েছে। এতে বলা হয়, শুধু কারখানা ভবন নিরাপদ হলেই পোশাক শ্রমিকদের নিরাপত্তা নিশ্চিত হবেনা। এ জন্য কারখানার ভেতরে হুমকি ও সহিংসতার বিষয়গুলোর দিকেও নজর দিতে হবে। কর্মপরিবেশের সংস্কারের বিষয়ে পরবর্তী পদক্ষেপ হিসেবে শ্রমিকদের প্রতি সম্মান প্রদর্শনের চর্চা প্রবর্তনের ওপর জোর দিয়ে বলা হয়, তা না হলে শ্রমিকদের জীবন ও স্বাস্থ্য ঝুঁকির মুখেই থাকবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), সূত্র **প্রথমআলো** (পৃ.১৩,ক.২), **নিউজ টুডে**(শেষপৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১২,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.২), ।

**১২। তুলা আমদানিতে চীনকে ছাড়িয়ে যাচ্ছে বাংলাদেশ**

বিশ্বে বিভিন্ন পণ্য আমদানিতে শীর্ষ অবস্থান চীনের থাকলেও তুলা আমদানির অবস্থান হারাতে যাচ্ছে বাংলাদেশের কাছে। চলতি মৌসুমে তুলা আমদানিতে চীনকে টপকে যেতে পারে বাংলাদেশ। যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগ এমন আভাস দিয়েছে। সংস্থার হিসেবে, আগামী জুলাই পর্যন্ত রেকর্ড সংখ্যক ৫০ লাখ ৭৫ হাজার বেল তুলা আমদানি করবে বাংলাদেশ যা গত বছরের তুলনায় ৬ দশমিক ৫ শতাংশ বেশি। একই মৌসুমে চীনের আমদানি পরিকল্পনার পরিমাণ ৫ লাখ ৫ হাজার বেল। সূত্র-**যুগান্তর** (পৃ.১৩,ক.৮), সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), সূত্র-**ডেইলি স্টার বিজনেস** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬),

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো, যুগান্তর :** যুক্তরাষ্ট্রের প্রভাবশালী ব্যবসা-বাণিজ্য বিষয়ক সাময়িকী ফোবর্স ব্যবসাবান্ধব দেশগুলোর যে তালিকা প্রকাশ করেছে সেখানে ১৪৪টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১২১ নম্বরে এখবরে উদ্বেগ প্রকাশ করে দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণের জন্য ব্যবসা-বাণিজ্যের পরিবেশ উন্নত করার ওপর গুরুত্বারোপ।

খ. **ইত্তেফাক :** সমৃদ্ধ দেশ গড়তে ব্যাপকভাবে বিজ্ঞান শিক্ষা প্রসারের সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** মুক্তিযুদ্ধের গৌরব ও আবেদন ধরে রাখতে মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার স্মারক স্তম্ভ সংরক্ষণ করা জরুরি বলে মন্তব্য ;

ঘ. **সংবাদ :** নৌ-বাহিনীর ঈশা খাঁ ঘাঁটির দুটি মস্‌জিদে একযোগে বোমা হামলা চালানোয় নিন্দা জানিয়ে এসব জঙ্গিবাদ সন্ত্রাসী হামলায় জড়িতদের চিহ্নিত করে কঠোর শাস্তির দাবি।

ঙ. **ইনকিলাব, যুগান্তর, যায়যায়দিন, ডেইলি স্টার :** আসন্ন পৌরসভা নির্বাচনকে কেন্দ্র করে সংশ্লিষ্ট এলাকাগুলোতে অপ্রীতিকর ঘটনা ক্রমেই বৃদ্ধি পাওয়ায় উদ্বেগ প্রকাশ করে নির্বাচনী আচরণবিধি লংঘন কারীদের বিরুদ্ধে নির্বাচন কমিশনকে  কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ ;

চ. **ডেইলি স্টার :** ঢাকা মেডিক্যাল কলেজের সিটি স্ক্যান ও এম আর আই মেশিন অচল হয়ে পড়ায় রোগীদের দুর্ভোগের চিত্র তুলে ধরে এ ধরনের জটিল ও জরুরি যন্ত্রপাতি মেরামত করাসহ নষ্ট হয়ে পড়ে থাকার ঘটনায় জড়িতদের বিরুদ্ধে হাসপাতাল কর্তৃপক্ষকে অতি দ্রুত আইনি ব্যবস্থা নেয়ার সুপারিশ

ছ. **ইন্ডিপেনডেন্ট :** ঢাকা-চট্টগ্রাম চার লেনের মত গুরুত্বপূর্ণ অবকাঠামোর প্রজেক্টের কাজ দেরি না করে দ্রুত শেষ করার ওপর গুরুত্বারোপ;

জ. **নিউজ টুডে :** মার্কিন যুক্তরাষ্ট্রে বাংলাদেশি গার্মেন্টস রপ্তানি যেখানে ১১.৬০ শতাংশ সেখানে ভিয়েতনামের রপ্তানি ১৩.৮৬ শতাংশ  উল্লেখ করে বিদেশি ক্রেতাদের আকৃষ্ট করতে গার্মেন্টেস খাতের শ্রমিক অধিকার সুরক্ষায় আরও পদক্ষেপ গ্রহণের সুপারিশ;

ঝ. **নিউএজ :** কক্সবাজারে শুঁটকি মাছ প্রক্রিয়াজাতকরণে বিষাক্ত কেমিক্যাল ব্যবহৃত হওয়া নিয়ন্ত্রণে আনা না গেলে তাতে চরম স্বাস্থ্য ঝুঁকি বেড়ে যাওয়ার আশঙ্কা প্রকাশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত সৌদি নেতৃত্বাধীন সামরিক জোটসহ যে জোটই হোক তার মূল লক্ষ্য যেন থাকে সন্ত্রাসবাদ মোকাবিলা এই জোট যেন দাবার ঘুঁটি হিসেবে ব্যবহৃত না হয় বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** ‘বই হোক নিত্যসঙ্গী’ নিবন্ধে রেজাউল করিম খোকন আমাদের প্রাত্যহিক জীবনের বিভিন্ন সমস্যার মোকাবিলায় নিজের মনের মধ্যে আত্নবিশ্বাস জাগিয়ে তোলার জন্য বই নানাভাবে শক্তি যোগাতে পারে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৫/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

## সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ১৭ ডিসেম্বর ২০১৫, ৩ পৌষ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মহান বিজয় দিবস : মুক্তিযুদ্ধের চেতনায় দেশ গড়ার অঙ্গীকার
- বঙ্গবন্ধুর প্রতি প্রধানমন্ত্রীর শ্রদ্ধা

২। বিজয় দিবসে বঙ্গভবনে মিলনমেলা

৩। বাণিজ্য সুবিধার ইঙ্গিত নয় চুক্তি বাস্তবায়ন করুন
: ডবিস্নউটিওর মন্ত্রী সম্মেলনে বাণিজ্যমন্ত্রী

৪। জঙ্গিদের টার্গেটে পড়বে না বাংলাদেশ : স্বরাষ্ট্রমন্ত্রী

৫। বিশ্ব জিডিপি'র ৫ ভাগই খেয়ে ফেলছে দুর্নীতি
-এক্ষেত্রে সফলতা দেখিয়েছে বাংলাদেশ ব্যাংক : বিশ্বব্যাংক

৬। আঙুলের ছাপ পদ্ধতিতে সিম নিবন্ধন শুরু : এবার মোবাইল সেটের নিবন্ধন

৭। এক দশকে ঢাকার বাতাসে দূষণ বেড়েছে ৮০ ভাগ : নাসার স্যাটেলাইট পর্যালোচনা

৮। বিলুপ্ত ছিটমহলে বিজয়ের আনন্দ

৯। মানুষের অর্থনৈতিক মুক্তি নিশ্চিত করাই কেন্দ্রীয় ব্যাংকের প্রধান কাজ : গভর্নর

১০। মুক্তিযোদ্ধাদের হোল্ডিং ট্যাক্স মওকুফের ঘোষণা ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের

চলমান পাতা/২

১। মহান বিজয় দিবস : মুক্তিযুদ্ধের চেতনায় দেশ গড়ার অঙ্গীকার

**- বঙ্গবন্ধুর প্রতি প্রধানমন্ত্রীর শ্রদ্ধা**

নতুন রূপে ও চেতনায় এবার বিজয় দিবস পালন করল দেশবাসী। মাত্র ২৩ দিন আগে দুই শীর্ষ যুদ্ধাপরাধীর মৃত্যুদণ্ড কার্যকরসহ একাত্তরের ঘাতকদের বিচার দ্রুত গতিতে এগিয়ে যাওয়ায় এবারের বিজয় দিবসে স্বস্তি ও প্রশান্তির হাসি এবং রক্তের ঋণ শোধ করার গর্ব নিয়ে যেন একাত্তরের মতোই জেগে উঠেছিল গোটা জাতি। ভোরে জাতীয় প্যারেড স্কয়ারে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে বিজয় দিবসের সূচনা হয়। রাষ্ট্রপতি মো. আব্দুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাভারের জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে মহান মুক্তিযুদ্ধে বীর শহীদদের প্রতি শ্রদ্ধা জানান। তিন বাহিনীর একটি চৌকস দল এ সময় সালাম জানায়। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ, সমকাল, সংবাদ, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান,ডেইলি স্টার**সহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৪৫তম বিজয় দিবস উপলক্ষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন। প্রধানমন্ত্রী গতকাল ১৬ ডিসেম্বর বুধবার ধানমন্ডিতে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে জাতির জনকের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। সূত্র- **ইনকিলাব** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.৪,ক.১)।

২। **বিজয় দিবসে বঙ্গভবনে মিলনমেলা**

মুক্তিযুদ্ধে বাঙালির বিজয়ের ৪৪ বছরপূর্তিতে যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, রাজনীতিক, সামরিক- বেসামরিক কর্মকর্তা, বিদেশি কূটনীতিক, ব্যবসায়ী প্রতিনিধি, সাংবাদিকসহ সমাজের নানা পেশার মানুষের পদচারণায় মুখর ছিল বঙ্গভবন। বাংলাদেশের অভ্যুদয় বার্ষিকীতে গতকাল ১৬ ডিসেম্বর বুধবার বরাবরের মতো সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ, যা পরিণত হয় মিলন মেলায়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

৩। **বাণিজ্য সুবিধার ইঙ্গিত নয় চুক্তি বাস্তবায়ন করুন : ডবিস্নউটিওর মন্ত্রী সম্মেলনে বাণিজ্যমন্ত্রী**

শুধু বাণিজ্য সুবিধার ইঙ্গিত নয়, আগের চুক্তিগুলোর বাস্তবায়ন চেয়েছে স্বল্পোন্নত দেশগুলো। গতকাল ১৬ ডিসেম্বর বুধবার বিশ্ব বাণিজ্য সংস্থার দশম মন্ত্রী পর্যায়ের সম্মেলনের দ্বিতীয় দিনে অনুষ্ঠিত পূর্ণাঙ্গ অধিবেশনে উন্নত দেশগুলোর প্রতি এই বার্তা দেন এলডিসির সমন্বয়ক ও বাংলাদেশের বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। উন্নত দেশের বাজারে পণ্য রপ্তানিতে অর্থবহ শুল্ক ও কোটামুক্ত সুবিধা দেওয়ার জোর দাবি জানান বাণিজ্যমন্ত্রী। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৩), **প্রথম আলো** (পৃ.১৩,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৭)।

৪। **জঙ্গিদের টার্গেটে পড়বে না বাংলাদেশ : স্বরাষ্ট্রমন্ত্রী**

সন্ত্রাস বিরোধী লড়াইয়ে সৌদি আরবের নেতৃত্বে নতুন একটি সামরিক জোটে যোগ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ। এতে বাংলাদেশ কোনো জঙ্গি গোষ্ঠীর টার্গেটে পড়বে না বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। বিজয় দিবস উপলক্ষে গতকাল ১৬ ডিসেম্বর বুধবার রাজারবাগ পুলিশ লাইনে শহীদ পুলিশ সদস্যদের প্রতি শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন।

গত ১৫ ডিসেম্বর মঙ্গলবার পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে সৌদি নেতৃত্বে ৩৪ মুসলিম দেশের নতুন এই সামরিক জোটে যোগ দেওয়ার সিদ্ধান্তের কথা জানায়। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৫)।

৫। **বিশ্ব জিডিপি'র ৫ ভাগই খেয়ে ফেলছে দুর্নীতি**

**-এক্ষেত্রে সফলতা দেখিয়েছে বাংলাদেশ ব্যাংক : বিশ্বব্যাংক**

দুর্নীতিকে বিশ্ব অর্থনীতির জন্য একটি মারাত্মক ব্যাধি হিসেবে উলেস্নখ করে বিশ্বব্যাংক বলেছে, দুর্নীতির কারণে দেশগুলো প্রতিবছর তিন ট্রিলিয়ন মার্কিন ডলার হারাচ্ছে। এটি বিশ্বের মোট দেশজ উৎপাদনের (জিডিপি) পাঁচ শতাংশের বেশি। এছাড়া সরকারের অবকাঠামো উন্নয়ন কাজে যে চুক্তি হয় তার সাতটির মধ্যে একটি হয় ঘুষ গ্রহণের মাধ্যমে। 'দুর্বল রাষ্ট্রগুলোতে দুর্নীতি : উন্নয়নের চ্যালেঞ্জ' শীর্ষক একটি বিশেষ রিপোর্টে বিশ্বব্যাংকের পক্ষ থেকে এমনটিই বলা হয়েছে।

চলমান পাতা/৩

বিশ্বব্যাংক বলেছে, ঘুষ প্রতারণা, প্রাকৃতিক সম্পদের অবৈধ ইজারা দেওয়াসহ আরো নানা প্রকার দুর্নীতিতে জড়িয়ে পড়ছে দেশগুলো। এসব কারণে দেশগুলোর উন্নয়নের গতি ব্যাহত হচ্ছে যার পরিণামে রাজনৈতিক বিশৃঙ্খলার জন্ম দিচ্ছে। তবে রিপোর্টে বিশ্বব্যাংক বাংলাদেশের প্রশংসা করে বলেছে, বাংলাদেশ, আফগানিস্তান এবং গুয়েতেমালার মতো দেশগুলো দুর্নীতি দমনের ক্ষেত্রে সফলতা দেখিয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৪), **সংবাদ** (পৃ.১৪,ক.১)।

**৬। আঙুলের ছাপ পদ্ধতিতে সিম নিবন্ধন শুরু : এবার মোবাইল সেটের নিবন্ধন**

অপব্যবহার বন্ধ ও নিবন্ধনে শৃঙ্খলা ফিরিয়ে আনতে বায়োমেট্রিক পদ্ধতিতে মোবাইল সিমকার্ড নিবন্ধন আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে। এখন থেকে মোবাইলের সিম কেনার ক্ষেত্রে আঙুলের ছাপ দেওয়া বাধ্যতামূলক। তবে ড্রাইভিং লাইসেন্স বা পাসপোর্ট দিয়ে সিম কেনা যাবে। কিন্তু আগামী ৬ মাসের মধ্যে জাতীয় পরিচয়পত্রের কপি দিতে হবে। না দিলে ওই সিমটি বন্ধ হয়ে যাবে। একইসঙ্গে এই পদ্ধতিতে পুরানো সিম পুনর্নিবন্ধন করতে হবে। সিম নিবন্ধনের পাশাপাশি গ্রাহকদের মোবাইল সেটের আইএমইআই নম্বরও নিবন্ধন করতে হবে। আগামী ফেব্রুয়ারি থেকে তা শুরু হবে বলে জানিয়েছেন টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.২), **প্রথম আলো** (পৃ.৩,ক.২), **সমকাল** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

**৭। এক দশকে ঢাকার বাতাসে দূষণ বেড়েছে ৮০ ভাগ : নাসার স্যাটেলাইট পর্যালোচনা**

গত এক দশকে রাজধানী ঢাকার বাতাসে দূষণের হার বেড়েছে ৮০ ভাগ। দশ বছর ধরে মার্কিন মহাকাশ সংস্থা নাসার একটি স্যাটেলাইটের পর্যালোচনায় এ তথ্য বেরিয়ে এসেছে। অরা মিশন নামের এ স্যাটেলাইটটি ২০০৪ সালে উৎক্ষেপণ করা হয় বিশ্বজুড়ে নাইট্রোজেন ডাই-অক্সাইডের নিঃসরণ পর্যবেক্ষণ করতে। পর্যবেক্ষণে উঠে এসেছে, যুক্তরাষ্ট্র এবং ইউরোপে এই দূষণের মাত্রা কমেছে। কিন্তু একই সময়ে বাংলাদেশসহ এশিয়ার কিছু দেশে দূষণের হার বেড়েছে। বিশেষ করে ঢাকায় এই দূষণের হার গত দশ বছরে বেড়েছে শতকরা ৮০ ভাগ। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৩), **যায়যায়দিন** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.২,ক.৩)।

**৮। বিলুপ্ত ছিটমহলে বিজয়ের আনন্দ**

বাংলাদেশ ভূখণ্ডের ভেতরে থেকেও ছিটমহল বাসীরা গত ৪ দশকেরও বেশি সময় ধরে এদেশের কোনো জাতীয় অনুষ্ঠানে শামিল হতে পারেননি। এ বছর ছিটমহল বিনিময়ের পর তারা এখন বাংলাদেশি। এ দেশের সব আনন্দ ও শোকের দিনে এখন তাদের সমান অংশীদারিত্ব। গতকাল ১৬ ডিসেম্বর বুধবার তাই প্রথমবারের মতো মহান বিজয় দিবস উদযাপন করল তারা। সমবেত কণ্ঠে জাতীয় সঙ্গীত গাওয়াসহ নানা আয়োজনে উৎসবের আমেজে বিলুপ্ত ছিটমহলবাসী দিনটি কাটায়। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.২), **প্রথম আলো** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৩), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৯। মানুষের অর্থনৈতিক মুক্তি নিশ্চিত করাই কেন্দ্রীয় ব্যাংকের প্রধান কাজ : গভর্নর**

বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান বলেছেন, দেশের মানুষের অর্থনৈতিক মুক্তি নিশ্চিত করাই এখন কেন্দ্রীয় ব্যাংকের প্রধান কাজ। গতকাল ১৬ ডিসেম্বর বুধবার বাংলাদেশ ব্যাংক চত্বরে ১৯৫২ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত শহিদদের স্মরণে নির্মিত স্মৃতিস্তম্ভের উদ্বোধনকালে এ কথা বলেন গভর্নর। তিনি বলেন বাংলাদেশ ব্যাংকের ডিজিটালাইজড কার্যক্রম আর্থিক ব্যবস্থাপনার স্বচ্ছতা নিশ্চিত করবে। **সূত্র-দৈনিক ইনকিলাব** (শেষ.পৃ. ক.২) **সংবাদ** (পৃ.১৪,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫)।

**১০। মুক্তিযোদ্ধাদের হোল্ডিং ট্যাক্স মওকুফের ঘোষণা ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের**

মহান স্বাধীনতা অর্জনে বীর মুক্তিযোদ্ধাদের অসামান্য অবদান ছিল। তাই তাদের সম্মানে হোল্ডিং ট্যাক্স মওকুফ করার সিদ্ধান্ত নিয়েছে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন। গতকাল ১৬ ডিসেম্বর বুধবার মহান বিজয় দিবসে মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠানে দুই মেয়র এই সিদ্ধান্তের কথা জানান। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আয়োজনে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠানটি আয়োজন করা হয়। সূত্র-**ইনকিলাব** (পৃ.৩,ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.২,ক.৫)।

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো, যুগান্তর** : পৌরসভা নির্বাচন সামনে রেখে নির্বাচনী আচরণবিধি লংঘনের যে অভিযোগ পাওয়া গেছে তা আমলে নিয়ে নির্বাচন কমিশনের নোটিশ দেওয়ার সাথে সাথে অবাধ ও সুষ্ঠু নির্বাচনের জন্য কমিশনের প্রতিটি কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ;

খ. **ইত্তেফাক :** আগামী মার্চে প্রথম শ্রেণি হতে ষষ্ঠ শ্রেণি পর্যন্ত ডিজিটাল বই হাতে পাবে শিক্ষার্থীরা উলেস্নখ করে অবশিষ্ট শ্রেণির বইগুলিও ডিজিটালে রূপান্তরের সুপারিশ;

গ. **জনকণ্ঠ :** অর্থনৈতিক স্বনির্ভরতা অর্জনে নারীদের অগ্রগতির প্রয়োজনীয়তার ওপর গুরম্নত্বারোপ;

ঘ. **সংবাদ :** বাংলাদেশ থেকে অর্থ পাচার বেড়ে যাওয়ার সাথে সাথে অর্থ পাচারকারী দেশগুলোর মধ্যে বাংলাদেশের অবস্তান ক্রমেই উপরে ওঠায় উদ্বেগ প্রকাশ করে টাকা পাচার বন্ধে কঠোরভাবে আইন প্রয়োগের পাশাপাশি সুশাসন প্রতিষ্ঠা ও বিনিয়োগের সুষ্ঠু পরিবেশ সৃষ্টির সুপারিশ;

ঙ. **সমকাল :** সরকারি চাকরিজীবীদের নতুন পে-স্কেল সংক্রান্ত গেজেট প্রকাশ হওয়ায় অভিনন্দন জানিয়ে এর সাথে সাথে বাজার নিয়ন্ত্রণে নজরদারির সুপারিশ;

চ. **ডেইলি স্টার :** দেশব্যাপী নিম্নমানের ভেজাল ও নিষিদ্ধ ঘোষিত কীটনাশক বাজারজাত ও ব্যবহৃত হওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে কৃষি মন্ত্রণালয়সহ সংশিস্নষ্ট অন্যান্য সরকারি প্রতিষ্ঠানকে স্বাস্ত্য ঝুঁকি সম্পর্কে ব্যাপক প্রচারণা চালানোসহ ঘটনায় জড়িতদের বিরম্নদ্ধে আইনি ব্যবস্তা গ্রহণ করে শাস্তির ব্যবস্তা করার সুপারিশ;

ছ. **ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান :** সৌদি আরবের নেতৃত্বাধীন সন্ত্রাস বিরোধী সামরিক জোটে বাংলাদেশের যোগদানের বিষয় তুলে ধরে এ ব্যাপারে সংশিস্নষ্টদের সুচিন্তিতভাবে পদক্ষেপ নেওয়ার আহ্বান;

জ. **ডেইলি সান :** সড়ক-মহাসড়কে দুর্ঘটনায় জানমালের ক্ষয়ক্ষতি বিবেচনায় নিয়ে দুর্ঘটনা লাঘবে সড়কে নিরাপত্তামূলক ব্যবস্তা জোরদার করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত 'এসডিজি অর্জনে যথাযথ পদক্ষেপ গ্রহণ আবশ্যক' শিরোনামের কলামে লেখক আনু মাহমুদ সুশাসন ছাড়া গণতন্ত্রের বিকাশ সম্ভব নয় বলে উলেস্নখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'উদ্যোক্তা সৃষ্টিতে রাষ্ট্রের দায়িত্ব'** শিরোনামের নিবন্ধে লেখক এম এ খালেক আমাদের মতো জনবহুল উন্নয়নশীল দেশের ক্ষেত্রে শুধু কৃষির ওপর নির্ভর করে দ্রম্নত ও কাঙ্ক্ষিত মাত্রার উন্নতি অর্জন সম্ভব নয় তাই আমাদের শিল্পের প্রতি আরও যত্নবান হতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/রশীদ/২০১৫/৯.০০ ঘণ্টা

# সংবাদ গতিধারা

## ঢাকা, মঙ্গলবার ১৫ ডিসেম্বর ২০১৫, ১ পৌষ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ষড়যন্ত্রকারীদের বিষদাঁত ভেঙে দিচ্ছি : শহীদ বুদ্ধিজীবী দিবসের আলোচনায় প্রধানমন্ত্রী

২। প্রবৃদ্ধি ধরে রাখতে বেসরকারি খাতকে গুরুত্ব দিতে হবে : কর্মশালায় ড. কৌশিক বসু

৩। নারায়ণগঞ্জের সাত খুনের মামলায় অধিকতর তদন্তের অধিকার রয়েছে তদন্ত সংস্থার : হাইকোর্ট

৪। গ্যাস-বিদ্যুতের দাম বৃদ্ধি কেন অবৈধ নয় জানতে চেয়ে হাইকোর্টের রুল

৫। আসন্ন পৌর নির্বাচনে প্রতীক বরাদ্দ, উৎসবমুখর প্রচারণা শুরু

৬। পাকিস্তানের সঙ্গে সম্পর্ক ছিন্ন করল ঢাকা বিশ্ববিদ্যালয়

৭। টুইটার স্কাইপ ভাইবার সব সামাজিক মাধ্যম খুলে দেওয়া হয়েছে

৮। অনলাইন গণমাধ্যমের নিবন্ধনের সময় বাড়ল

৯। পাঁচ বছরে বাংলাদেশকে ৮০ হাজার কোটি টাকা দেবে এডিবি

১০। নারায়ণগঞ্জে পুলিশ-শ্রমিক সংঘর্ষ, পাঁচ গুলিবিদ্ধসহ আহত ২০

১১। আজ বিপিএলের ফাইনাল

চলমান পাতা/২

**১। ষড়যন্ত্রকারীদের বিষদাঁত ভেঙে দিচ্ছি : শহীদ বুদ্ধিজীবী দিবসের আলোচনায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, পাকিস্তানসহ এর দোসররা একাত্তরের পরাজয় ভুলতে পারেনি। তাদের ষড়যন্ত্র চলছে, চলবে। কিন্তু এই ষড়যন্ত্র সফল হবে না। আর ষড়যন্ত্র করে কেউ বাংলাদেশে কিছু করতে পারবে না। সকল ষড়যন্ত্র মোকাবিলার দৃঢ়প্রত্যয় ব্যক্ত করে প্রধানমন্ত্রী দ্ব্যর্থহীন কণ্ঠে বলেন, আত্মসমর্পণ নয়, আমরা আত্মমর্যাদা নিয়েই দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছি, এগিয়ে নিয়ে যাব। দেশের অগ্রযাত্রা কেউই আর রুখতে পারবে না। তিনি বলেন, আমরা ষড়যন্ত্রকারীদের বিষ দাঁত একে একে ভেঙে দিচ্ছি এবং ভেঙে দেব। শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে গতকাল ১৪ ডিসেম্বর সোমবার রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে আওয়ামী লীগ আয়োজিত এক আলোচনা সভায় সভাপতির বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সমকাল** (শেষ পৃ.,ক.২), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)। **জনকণ্ঠ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**২। প্রবৃদ্ধি ধরে রাখতে বেসরকারি খাতকে গুরুত্ব দিতে হবে : কর্মশালায় ড. কৌশিক বসু**

বাংলাদেশের চলমান অর্থনৈতিক প্রবৃদ্ধির হার ধরে রাখতে বেসরকারি খাতের বিনিয়োগকে সবচেয়ে বেশি অগ্রাধিকার দিতে হবে বলে মনে করেন বিশ্বব্যাংকের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও প্রধান অর্থনীতিবিদ ড. কৌশিক বসু। অধিকন্তু বিনিয়োগের পাশাপাশি সঠিক পরিকল্পনার মাধ্যমে দেশের সার্বিক উন্নয়নেও সমান গুরুত্ব দিতে হবে। গতকাল ১৪ ডিসেম্বর সোমবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত 'ইন্টারন্যাশনাল ওয়ার্কশপ অন মাইক্রো ইকোনমি স্টেবিলিটি, প্রাইভেট সেক্টর ডেভেলপমেন্ট এন্ড ইকোনমিক গ্রোথ' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৯,ক.২), **সমকাল** (পৃ.১,ক.৬), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** বিজনেস (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬)।

**৩। নারায়ণগঞ্জের সাত খুনের মামলায় অধিকতর তদন্তের অধিকার রয়েছে তদন্ত সংস্থার : হাইকোর্ট**

নারায়ণগঞ্জের সাত খুনের মামলায় অনুমতি ছাড়াই অধিকতর তদন্তের সুযোগ তদন্ত সংস্থার রয়েছে জানিয়ে নিহত কাউন্সিলর নজরুল ইসলামের স্ত্রী সেলিনা ইসলাম বিউটির করা আপিল আবেদন নিষ্পত্তি করেছেন হাইকোর্ট। গতকাল ১৪ ডিসেম্বর সোমবার বিচারপতি এম ইনায়েতুর রহিম ও বিচারপতি আমির হোসেনের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ আবেদনটি নিষ্পত্তি করেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.৫,ক.৪), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬), **ডেইলি অবজারভার** (পৃ.৩,ক.৫)।

**৪। গ্যাস-বিদ্যুতের দাম বৃদ্ধি কেন অবৈধ নয় জানতে চেয়ে হাইকোর্টের রুল**

গ্যাস-বিদ্যুতের দাম বৃদ্ধির সিদ্ধান্ত কেন অবৈধ ও আইনগত কর্তৃত্ব বহির্ভূত ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। কনজ্যুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের করা এক রিট আবেদনের শুনানি শেষে বিচারপতি নাঈমা হায়দার ও বিচারপতি মোস্তফা জামান ইসলামের বেঞ্চ গতকাল ১৪ ডিসেম্বর সোমবার এ রুল জারি করেন। বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের চেয়ারম্যানকে রুলের জবাব দিতে বলা হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৫), **প্রথম আলো** (পৃ.১৩,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.১)।

**৫। আসন্ন পৌর নির্বাচনে প্রতীক বরাদ্দ, উৎসবমুখর প্রচারণা শুরু**

আসন্ন পৌর নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী মেয়র-কাউন্সিলর প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ করেছেন রিটার্নিং অফিসাররা। প্রতীক বরাদ্দের পর উৎসবমুখর পরিবেশে প্রচারণা শুরু করেছেন প্রার্থীরা। গত ৯ ডিসেম্বর থেকে প্রচারণা শুরু হলেও গতকাল ১৪ ডিসেম্বর সোমবার প্রতীক বরাদ্দ করা হয় প্রার্থীদের মধ্যে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)। **ইনকিলাব, যুগান্তর, যায়যায়দিন** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৬। পাকিস্তানের সঙ্গে সম্পর্ক ছিন্ন করল ঢাকা বিশ্ববিদ্যালয়**

**- পাকিস্তানের সঙ্গে সব সম্পর্ক ছিন্ন কর : বিনম্র শ্রদ্ধা জাতির শ্রেষ্ঠ সন্তানদের প্রতি**

আনুষ্ঠানিকভাবে পাকিস্তানের সঙ্গে সব ধরনের সম্পর্ক ছিন্ন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়। গতকাল ১৪ ডিসেম্বর সোমবার শহীদ বুদ্ধিজীবী দিবস থেকে এ ঘোষণা কার্যকর হয়েছে। গতকাল ১৪ ডিসেম্বর সোমবার বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের জরুরি সভা শেষে নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে সাংবাদিকদের এ সিদ্ধান্তের কথা

জানান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। একই সঙ্গে দেশের ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ও খুব শীঘ্রই পাকিস্তানের সঙ্গে সব সম্পর্ক ছিন্ন করবে বলে জানিয়েছেন বাংলাদেশ শিক্ষক সমিতি

চলমান পাতা/৩

ফেডারেশনের সভাপতি অধ্যাপক ড. ফরিদ উদ্দিন আহমদ। এজন্য অতি শীঘ্রই একটি সভা ডাকা হবে বলে জানান তিনি। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.১), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)। **ডেইলি সান** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৭। টুইটার স্কাইপ ভাইবার সব সামাজিক মাধ্যম খুলে দেওয়া হয়েছে**

টুইটার, স্কাইপ ও ভাইবারসহ সামাজিক যোগাযোগের সব মাধ্যম খুলে দেওয়া হয়েছে বলে জানিয়েছেন ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম। তিনি বলেন, সরকারের উচ্চ পর্যায়ের নির্দেশে এ সাইটগুলো বন্ধ করা হয়েছিল। সরকারের কাছে এমন কোনো তথ্য ছিল যা জাতীয় নিরাপত্তার জন্য হুমকি হতে পারে। এ কারণেই ফেসবুক বাদে অন্য অ্যাপসগুলো বন্ধ করা হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **সমকাল** (শেষ পৃ.,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)।

**৮। অনলাইন গণমাধ্যমের নিবন্ধনের সময় বাড়ল**

অনলাইন গণমাধ্যমের নিবন্ধন করার সময়সীমা দেড় মাস বাড়ানো হয়েছে। বর্ধিত সময় অনুযায়ী আগামী ৩১ জানুয়ারি পর্যন্ত্ম নিবন্ধন করা যাবে। পূর্ব নির্ধারিত সময় অনুযায়ী নিবন্ধনের শেষ সময় ছিল আজ ১৫ ডিসেম্বর। গতকাল ১৪ ডিসেম্বর সোমবার তথ্য অধিদফতরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.৪,ক.৫), **যায়যায়দিন** (পৃ.১৫,ক.১)।

**৯। পাঁচ বছরে বাংলাদেশকে ৮০ হাজার কোটি টাকা দেবে এডিবি**

আগামী পাঁচ বছরে (২০১৬-২০২০ পর্যন্ত্ম) বাংলাদেশে বড় অঙ্কের সহায়তা দিচ্ছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। এর পরিমাণ হতে পারে প্রায় ৮০ হাজার কোটি টাকা (১০ বিলিয়ন মার্কিন ডলার)। প্রতিবছর ২ বিলিয়ন মার্কিন ডলার অর্থাৎ ১৬ হাজার কোটি টাকা করে এই অর্থ পাওয়া যাবে। গত ৫ বছরের তুলনায় আগামী ৫ বছরে সহায়তার পরিমাণ দ্বিগুণেরও বেশি হচ্ছে। কান্ট্রি পার্টনারশিপ স্ট্র্যাটেজির আওতায় এ সহায়তা দেওয়া হবে বলে জানায় এডিবি। এ বিষয়ে আগামী ২০ ডিসেম্বর অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সঙ্গে বৈঠকে বসছে সংস্থাটি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.২), **সমকাল** (পৃ.১২,ক.১)।

**১০। নারায়ণগঞ্জে পুলিশ-শ্রমিক সংঘর্ষ, পাঁচ গুলিবিদ্ধসহ আহত ২০**

নারায়ণগঞ্জের ফতুলস্নায় ব্যাটারিচালিত অটোরিকশায় সামনে বসাকে কেন্দ্র করে পুলিশ কনস্টেবলের সঙ্গে ট্রাক শ্রমিক নেতার কোন্দলকে কেন্দ্র করে পুলিশ ও শ্রমিকের সংঘর্ষে ৫ জন গুলিবিদ্ধসহ আহত হয়েছেন অন্ত্মত ২০ জন। আহতদের মধ্যে ৫-৬ জন পুলিশ সদস্য রয়েছে। আহতদের নারায়ণগঞ্জ জেনারেল হাসপাতালসহ আশপাশের ক্লিনিকে চিকিৎসা দেওয়া হয়েছে। এ ঘটনায় প্রতিবাদে ট্রাক শ্রমিকরা ঢাকা-মুন্সীগঞ্জ সড়ক আধা ঘণ্টা অবরোধ করে সড়কে টায়ারে অগ্নিসংযোগ করে এবং বেশ কয়েকটি যানবাহন ও সিটি কর্পোরেশনের পার্ক অ্যাডভেঞ্চার ল্যান্ড ভাঙচুর করে। পরে পুলিশ গিয়ে পরিস্তিতি নিয়ন্ত্রণে আনে। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২), **ইনকিলাব** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৩)।

**১১। আজ বিপিএলের ফাইনাল**

বাংলাদেশ প্রিমিয়ার লীগের তৃতীয় আসরের ফাইনাল আজ ১৫ ডিসেম্বর মঙ্গলবার। মিরপুর শেরেবাংলা স্টেডিয়ামে সন্ধ্যা সাড়ে ছয়টায় ফাইনালে মুখোমুখি হবে কুমিলস্না ভিক্টোরিয়ান্স ও বরিশাল বুলস। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো** : প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের মূল কাজের উদ্বোধন করায় বাংলাদেশের জনগণ, বিশেষ করে দক্ষিণাঞ্চলের ২১টি জেলার মানুষের দীর্ঘদিনের স্বপ্ন বাস্ত্মবায়নের শুভসূচনা হওয়াকে স্বাগত জানিয়ে নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠুভাবে এই সেতুর নির্মাণ কাজ শেষ হবে এই প্রত্যাশা ব্যক্ত;

খ. **ইত্তেফাক** : গ্রামাঞ্চলে মানসিক স্বাস্ত্য ঝুঁকির মধ্যে থাকা মানুষদের উপযুক্ত চিকিৎসার ব্যবস্তা করতে যথাযথ উদ্যোগ নেওয়ার ওপর গুরম্নত্বারোপ;

গ. **জনকণ্ঠ** : জামায়াতুল মুজাহেদীন বাংলাদেশ (জেএমবি) সংগঠনটি দেশে বড় ধরনের নাশকতা চালাতে পারে। ভারতীয় ও বাংলাদেশি গোয়েন্দা সংস্তার এ আশঙ্কা আমলে নিয়ে এ ব্যাপারে কঠোর ব্যবস্তা নেওয়ার সুপারিশ;

ঘ. **সমকাল, সংবাদ, ভোরের কাগজ, যায়যায়দিন, ডেইলি সান, ফিনানশিয়াল এক্সপ্রেস :** প্যারিসে অনুষ্ঠিত জলবায়ু সম্মেলনে চূড়ান্ত চুক্তির খসড়া বিষয়ে সমঝোতা হওয়ায় বহুল কাঙ্ক্ষিত জলবায়ু চুক্তি বিষয়ে বিশ্বনেতারা একমত হওয়ার কথা উল্লেখ করে চুক্তিটির বাস্তবায়ন হলে বাংলাদেশের মতো দেশগুলো সুফল ভোগ করবে বলে মত প্রকাশ;

ঙ. **যুগান্তর :** জাল জালিয়াতি ও ভুয়া ভিসা পাসপোর্টে বাংলাদেশ থেকে অস্বাভাবিক হারে লন্ডনে আদম পাচার হচ্ছে উল্লেখ করে হযরত শাহজালাল (রহ.) আন্তর্জাতিক বিমানবন্দরকে মানব পাচারের রুট হিসেবে ব্যবহার করার অভিযোগ আমলে নিয়ে বিমানবন্দরের নিরাপত্তা নিশ্চিতকরণের ওপর গুরুত্বারোপ;

চ. **ডেইলি সান :** ভেজাল ওষুধে বাজার সয়লাব হয়ে যাওয়ায় জনস্বাস্থ্যের জন্য তা মারাত্মক হুমকি হয়ে দেখা দেওয়ায় এ ব্যাপারে কঠোর আইনি ব্যবস্থার সাথে সাথে সবাইকে সচেতন হওয়ার আহ্বান;

ছ. **ইন্ডিপেনডেন্ট, যুগান্তর :** বিশ্বব্যাংকের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও প্রধান অর্থনীতিবিদ কৌশিক বসু বাংলাদেশের অর্থনীতির জন্য যে ইতিবাচক পথ নির্দেশনা তুলে ধরেছেন তা অনুসরণ করলে বাংলাদেশের অর্থনৈতিক উদ্যোগগুলো সঠিক পথে পরিচালিত হবে বলে মত প্রকাশ;

জ. **নিউ এজ :** শিক্ষক কর্তৃক স্কুলের শিক্ষার্থীদের শারীরিক শাস্তি দেওয়ার ব্যাপারে নিষেধাজ্ঞা আরোপের সুপারিশ;

ঝ. **নিউ নেশন :** পরিবেশের জন্য হুমকি নিষিদ্ধ হওয়া পলিথিন ব্যাগে আবার বাজার সয়লাব হওয়ায় উদ্বেগ প্রকাশ করে পলিথিন ব্যাগ বাজারজাতকরণ, প্রস্তুতকারী প্রতিষ্ঠানগুলির বিরুদ্ধে কঠোর আইনি পদক্ষেপ নেওয়ার দাবি জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে বাংলাদেশে একটি জ্ঞানভিত্তিক সমাজ গড়ে তুলতে শিক্ষা পদ্ধতির ডিজিটাল রূপান্তরের মাধ্যমে ডিজিটাল প্রজন্ম গড়ে তুলতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'ওষুধ ও চিকিৎসাসেবার মান'** শিরোনামের নিবন্ধের লেখক স্বপ্না রেজা ওষুধের ভেতরে অসততা যতদিন দূর করা সম্ভব না হবে ততদিন স্বাস্থ্যসেবার পরিকাঠামোগত উন্নয়নের পরিপূর্ণ সুফল সাধারণ মানুষ পাবেনা বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা

# সংবাদ গতিধারা

## ঢাকা, সোমবার ১৪ ডিসেম্বর ২০১৫, ৩০ অগ্রহায়ণ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আজ শহীদ বুদ্ধিজীবী দিবস: এ উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী পৃথক বাণী দিয়েছেন

২। বাংলাদেশে আইএস নেই : প্রধানমন্ত্রী

৩। সরকারি চাকরিজীবীদের ফ্ল্যাট নির্মাণসহ ৮ ক্রয় প্রস্তাব অনুমোদন

৪। ম্যানহোলে শিশু নীরবের মৃত্যুতে ক্ষতিপূরণ চেয়ে রিট

৫। বিভিন্ন খাতে সহজ শর্তে ৬ প্রকল্পে ৮৬৬০ কোটি টাকা জাপানি ঋণ

৬। দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের পানি ব্যবস্থাপনা প্রকল্পে এডিবির সাথে ঋণচুক্তি

৭। বাংলাদেশ দক্ষিণ এশিয়ার শীর্ষ অর্থনৈতিক শক্তিতে পরিণত হতে পারে
: সেমিনারে মার্কিন আন্ডার সেক্রেটারি শ্যানন

৮। বাংলাদেশ এখন এশিয়ান টাইগার
: গণবক্তৃতায় বিশ্বব্যাংকের ভাইস প্রেসিডেন্ট অর্থনীতিবিদ ড. কৌশিক বসু

৯। সামাজিক যোগাযোগ মাধ্যম টুইটার, স্কাইপ, ইমো বন্ধের নির্দেশ

১০। পৌর নির্বাচনে প্রার্থী চূড়ান্ত

চলমান পাতা/২

**১। শহীদ বুদ্ধিজীবী দিবস আজ : এ উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী পৃথক বাণী দিয়েছেন**

আজ ১৪ ডিসেম্বর, শহীদ বুদ্ধিজীবী দিবস। বাঙালির মেধা-মনন-মনীষা শক্তি হারানোর দিন আজ। বিজয়ের মাত্র দুইদিন আগে এই দিনে দেশকে মেধাশূন্য করার পূর্বপরিকল্পনা নিয়ে ঘর থেকে তুলে নিয়ে রায়েরবাজার বধ্যভূমিতে নৃশংসভাবে হত্যা করা হয় বাঙালি জাতির সেরা শিক্ষক, সাংবাদিক, চিকিৎসক, প্রকৌশলী, সাহিত্যিক, বুদ্ধিজীবীসহ বরেণ্য কৃতী সন্তানদের। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **যুগান্তর** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)। **প্রথম আলো, ভোরের কাগজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**২। বাংলাদেশে আইএস নেই : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশে জঙ্গিগোষ্ঠী ইসলামিক স্টেটের (আইএস) অস্তিত্ব আবারও নাকচ করে দিয়ে বলেছেন, দেশে সম্প্রতি ঘটে যাওয়া ঘটনাগুলো প্রাথমিকভাবে অভ্যন্তরীণ বলে তদন্তে দেখা গেছে। তিনি বলেন, বাংলাদেশে আইএসের কোনো অস্তিত্ব নেই। তবে আইন প্রয়োগকারী সংস্থাগুলো বস্নগার ও বিদেশি নাগরিক হত্যাকারীদের গ্রেফতারে উলেস্নখযোগ্য সাফল্য অর্জন করেছে। এ পর্যন্ত তদন্তে প্রমাণিত হয়েছে অভ্যন্তরীণ কারণে এসব ঘটনা ঘটেছে। উচ্চ পর্যায়ের একটি মার্কিন প্রতিনিধিদল গতকাল ১৩ ডিসেম্বর রোববার সেদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের রাজনৈতিক বিষয়ক আন্ডার সেক্রেটারি থমাস শ্যাননের নেতৃত্বে গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **সমকাল** (পৃ.১,ক.৪), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)। **ডেইলি অবজারভার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩। সরকারি চাকরিজীবীদের ফ্ল্যাট নির্মাণসহ ৮ ক্রয় প্রস্তাব অনুমোদন**

সরকারি চাকরিজীবীদের আবাসন সমস্যা দূর করতে রাজধানীর মতিঝিল ও আজিমপুরে ফ্ল্যাট নির্মাণসহ মোট আটটি প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। প্রকল্পগুলো বাস্তবায়নে সরকারের মোট ব্যয় হবে ৫৫৯ কোটি ১৮ লাখ টাকা। গতকাল ১৩ ডিসেম্বর রোববার সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে প্রস্তাবগুলোর অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি স্টার** বিজনেস (পৃ.১,ক.৫)।

**৪। ম্যানহোলে শিশু নীরবের মৃত্যুতে ক্ষতিপূরণ চেয়ে রিট**

রাজধানীর শ্যামপুরে ম্যানহোলে পড়ে পাঁচ বছরের শিশু সাইফুল ইসলাম নীরবের মৃত্যুর ঘটনায় ৩০ লাখ টাকা ক্ষতিপূরণের নির্দেশনা চেয়ে রিট আবেদন করা হয়েছে। গতকাল ১৩ ডিসেম্বর রোববার চিলড্রেন চ্যারিটি বাংলাদেশ ফাউন্ডেশনের পক্ষে রিট আবেদনটি দায়ের করেন ব্যারিস্টার আবদুল হালিম। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **যায়যায়দিন** (শেষ পৃ.,ক.৮), **যুগান্তর** (পৃ.২,ক.৮), **নিউ নেশন** (পৃ.১,ক.৪)।

**৫। বিভিন্ন খাতে সহজ শর্তে ৬ প্রকল্পে ৮৬৬০ কোটি টাকা জাপানি ঋণ**

বিদ্যুৎ, অবকাঠামো, স্বাস্থ্যসহ বিভিন্ন খাতের ছয় প্রকল্পে বাংলাদেশকে সহজ শর্তে ৮ হাজার ৬৬০কোটি টাকা ঋণ দিচ্ছে জাপান। গতকাল ১৩ ডিসেম্বর রোববার শেরে বাংলানগরস্থ এনইসি সম্মেলন কক্ষে জাপান সরকার ও বাংলাদেশ সরকারের মধ্যে এ সংক্রান্ত ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের জ্যেষ্ঠ সচিব মোহাম্মদ মেজবাহউদ্দিন এবং জাপান আন্তর্জাতিক সহযোগী সংস্থার পক্ষে আবাসিক প্রতিনিধি মিকিও হাতায়েদা এ চুক্তিতে সই করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.১২,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** বিজনেস (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৬। দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের পানি ব্যবস্থাপনা প্রকল্পে এডিবির সাথে ঋণচুক্তি**

দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের পানি ব্যবস্থাপনায় নেওয়া প্রকল্পে সাড়ে ৪ কোটি মার্কিন ডলার সহায়তা দিচ্ছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। একই প্রকল্পে ৭০ লাখ ডলার অনুদান দেবে নেদারল্যান্ডস সরকার। বাংলাদেশি মুদ্রায় এ খাতে সহায়তা পাওয়া যাবে ৪০০ কোটি টাকার বেশি। এ বিষয়ে গতকাল ১৩ ডিসেম্বর রোববার সরকারের সঙ্গে এডিবির দ্বিপক্ষীয় চুক্তি হয়েছে। শেরে বাংলা নগরস্থ এনইসি সম্মেলন কেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানে সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব মোহাম্মদ মেজবাহউদ্দিন ও এডিবি ঢাকা অফিসের আবাসিক প্রতিনিধি কাজুহিকো হিগুচি চুক্তিতে সই করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **প্রথম আলো** (পৃ.১২,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি স্টার** বিজনেস (পৃ.১,ক.৪), **ডেইলি সান** বিজনেস (পৃ.১,ক.৩)।

চলমান পাতা/৩

**৭।　বাংলাদেশ দ্ধগিণ এশিয়ার শীর্ষ অর্থনৈতিক শক্তিতে পরিণত হতে পারে**

**: সেমিনারে মার্কিন আন্ডার সেক্রেটারি শ্যানন**

বাংলাদেশ আঞ্চলিক যোগাযোগের ওগত্রে অনেক দিন ধরে নেতৃস্থানীয় অবস্থানে রয়েছে। দেশটি দ্ধগিণ এশিয়ার শীর্ষ অর্থনৈতিক শক্তিতে পরিণত হতে পারে বলে মন্ত্মব্য করেছেন মার্কিন পররাষ্ট্র দফতরের রাজনীতি বিষযক নতুন আন্ডার সেক্রেটারি টমাস এ শ্যানন। তিনি বলেন, বাংলাদেশ এই অঞ্চলের বাণিজ্যিক শক্তিকেন্দ্র এবং দ্ধগিণ ও দ্ধগিণ-পূর্ব এশিয়ার মধ্যে মানুষ এবং পণ্য পরিবহনে কেন্দ্রীয় ভূমিকা রাখতে পারে। আমাদের ইন্দো-প্রশান্ত্ম মহাসাগরীয় অর্থনৈতিক করিডোর উদ্যোগের মাধ্যমে যুক্তরাষ্ট্র এই লগ্যে বাস্ত্মবায়নে সহায়তা দিয়ে যাচ্ছে। গতকাল **১৩** ডিসেম্বর রোববার বাংলাদেশ ইনস্টিটিউট অফ ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্যাটেজিক স্টাডিজ মিলনায়তনে 'বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্রের সম্পর্ক বৈশ্বিক ইস্যুতে একযোগে' শীর্ষক সেমিনারে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **প্রথম আলো** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

**৮।　বাংলাদেশ এখন এশিয়ান টাইগার**

**: গণবক্তৃতায় বিশ্বব্যাংকের ভাইস প্রেসিডেন্ট অর্থনীতিবিদ ড. কৌশিক বসু**

২০২০ সালের আগেই বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ৮৯ শতাংশ হবে। তবে এজন্য বিনিয়োগ নিশ্চিত করতে হবে। এখন পর্যন্ত্ম দেশের মোট জাতীয় আয়ের ২৯ শতাংশ পর্যন্ত্ম বিনিয়োগ হচ্ছে। এ বিনিয়োগ যদি ৩৪ থেকে ৩৫ শতাংশ পর্যন্ত্ম নেওয়া যায় তাহলে সহজেই প্রবৃদ্ধি ৮ শতাংশ হবে বলে মনে করেন বিশ্বব্যাংকের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও প্রধান অর্থনীতিবিদ ড. কৌশিক বসু। গতকাল **১৩** ডিসেম্বর রোববার রাজধানীর শেরে বাংলা নগরের বঙ্গবন্ধু আন্ত্মর্জাতিক সম্মেলন কেন্দ্রে এক গণবক্তৃতায় তিনি এসব কথা বলেন। 'বিশ্ব অর্থনীতি, বাংলাদেশ ও আঞ্চলিক সহযোগিতা :সমস্যা ও সম্ভাবনা' শীর্ষক এ বক্তৃতা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **প্রথম আলো** (পৃ.১,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭), **ডেইলি স্টার** বিজনেস (পৃ.১,ক.১)। **জনকণ্ঠ, ফিনানশিয়াল এক্সপ্রেস** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৯।　সামাজিক যোগাযোগ মাধ্যম টুইটার, স্কাইপ, ইমো বন্ধের নির্দেশ**

নতুন করে সামাজিক যোগাযোগ মাধ্যম টুইটার, স্কাইপ ও ইমো বন্ধ করে দিয়েছে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন। গতকাল **১৩** ডিসেম্বর রোববার সন্ধ্যা ৭টার পর থেকে এই তিনটি সামাজিক যোগাযোগ মাধ্যম বন্ধ করার নির্দেশনা জারি করে সংস্থাটি। গতকাল **১৩** ডিসেম্বর রোববার রাতে বিটিআরসির এ সংক্রান্ত্ম একটি নির্দেশনা মোবাইল অপারেটর ও টেলিকম সেবা দানকারী প্রতিষ্ঠানগুলোকে পাঠানো হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৮), **নিউ নেশন** (পৃ.১,ক.৫), **নিউ এজ** (পৃ.১,ক.২)।

**১০।　পৌর নির্বাচনে প্রার্থী চূড়ান্ত্ম**

পৌর নির্বাচনে মনোনয়নপত্র প্রত্যাহার শেষে আজ **১৪** ডিসেম্বর সোমবার থেকে প্রার্থীরা নেমে পড়ছেন চূড়ান্ত্ম লড়াইয়ে। এদিকে শেষ দিনে শেষ খবর পাওয়া পর্যন্ত্ম সারাদেশে আওয়ামী লীগের ৯২ ও বিএনপির ২১ জন বিদ্রোহী মেয়র প্রার্থী তাদের প্রার্থিতা প্রত্যাহার করে নিয়েছেন। সর্বশেষ হিসাব অনুযায়ী আওয়ামী লীগের ৮৬ এবং বিএনপির ৩৩ জন বিদ্রোহী তাদের প্রার্থিতা প্রত্যাহার করেননি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ইত্তেফাক, সমকাল, ইনকিলাব, যায়যায়দিন, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**সম্পাদকীয়**

ক.　**প্রথম আলো, ইত্তেফাক, জনকণ্ঠ, যুগান্ত্মর, সমকাল, সংবাদ, ইনকিলাব, ভোরের কাগজ, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, নিউ এজ, ডেইলি অবজারভার** : শহীদ বুদ্ধিজীবী দিবসে সকল শহীদ বুদ্ধিজীবীর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বুদ্ধিজীবী হত্যাকাণ্ডের বিচার ও সব ঘাতকের দণ্ড কার্যকর করার আহ্বান;

খ.　**জনকণ্ঠ, ইনকিলাব, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে**: পদ্মা সেতু চালু হলে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে গতি সঞ্চার হবে প্রত্যাশা ব্যক্ত করে মূল সেতু এবং আনুষ্ঠানিক অবকাঠামো নির্মাণের কাজে আরও গতি সঞ্চারের সুপারিশ;

চলমান পাতা/৪

গ. **প্রথম আলো, যুগান্তর :** দেশে জঙ্গি তৎপরতার বিস্তার ও কার্যক্রম রোধে অবিলম্বে সন্ত্রাসীদের গ্রেফতারের আহ্বান;

ঘ. **সমকাল :** পটুয়াখালীর গলাচিপা ও রাঙ্গাবালী উপজেলার চরাঞ্চলে পাকা ধানের ক্ষেতে প্রশাসনের লাল নিশান উড়ানোর চিত্র তুলে ধরে খাজনা আদায়ের নামে ফলানো ফসলকে জিম্মি করে ধান চাষ শুরুর আগেই চরাঞ্চলের খাস জমির লিজ নবায়নের কাজটি করার ওপর গুরুত্বারোপ;

ঙ. **ডেইলি স্টার :** প্যারিসে অনুষ্ঠিত জলবায়ু সম্মেলনে সংশিস্নষ্ট বিশ্ব নেতৃবৃন্দ যে **২১**টি এগ্রিমেন্টে পৌঁছেছেন তার সফল বাস্তবায়নের প্রত্যাশা;

চ. **ডেইলি সান :** অধিকাংশ সরকারি হাসপাতাল ও হেল্‌থকেয়ার সেন্টারের করিডোর ও চলাচলের পথ অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশ থাকায় হাসপাতাল ব্যবস্থাপনাকে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার আহ্বান;

ছ. **নিউ এজ :** রাজধানীর ৭৪০০০টি ম্যালহোলের **১০** শতাংশের মুখ খোলা থাকার চিত্র তুলে ধরে ওয়াসাকে দ্রুত এসব ম্যামহোলের ঢাকনা লাগানোর সুপারিশ;

জ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** বিভিন্ন খাতে ভর্তুকি দেওয়ার পদ্ধতিতে স্বচ্ছতা আনয়নে ন্যাশনাল সাবসিডি পলিসি প্রণয়নের প্রয়োজনীয়তা তুলে ধরে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে একদিকে বাণিজ্য অন্যদিকে জনবিরোধী রাজনীতির বর্ম হিসেবে মুক্তিযুদ্ধকে ব্যবহারের চেষ্টাই এখন জোরদার বলে উলেস্নখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'মানবসম্পদ উন্নয়নের মাধ্যমে অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন সম্ভব'** শিরোনামের নিবন্ধে মো. এনামুল হক খান অধিক জনসংখ্যাকে বোঝা না ভেবে কর্মক্ষম ও যোগ্যতা বৃদ্ধিতে অব্যাহত প্রচেষ্টা নিলে দেশে মানবসম্পদের হার বৃদ্ধি পাবে, উন্নয়ন-উৎপাদন বাড়বে, দেশের অর্থনীতি সমৃদ্ধ হবে। উৎপাদিত পণ্যের খরচ কমবে, দেশ অর্থনৈতিকভাবে এগুবে। এভাবেই বাংলাদেশ মধ্যম আয়ের দেশে পরিণত হবে বলে উলেস্নখ করেছেন।

#

ফারহানা/মরজিনা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা

# সংবাদ গতিধারা

## ঢাকা, রোববার ১৩ ডিসেম্বর ২০১৫, ২৯ অগ্রহায়ণ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিশ্ববাসী দেখুক আমরাও পারি : পদ্মা সেতুর মূল কাজের উদ্বোধনকালে প্রধানমন্ত্রী
-ধলেশ্বরী ব্রিজ ও হানিফ ফ্লাইওভারে টোল দিলেন প্রধানমন্ত্রী

২। ঐতিহাসিক জলবায়ু চুক্তি সই : উষ্ণতা বৃদ্ধি ২ ডিগ্রির নিচে

৩। নতুন পে-স্কেলে জানুয়ারিতে বেতন : অর্থমন্ত্রী

৪। মানসিক স্বাস্থ্য আইন জানুয়ারিতে পাস হবে : স্বাস্থ্যমন্ত্রী

৫। ইন্টারনেট সুবিধা মানবাধিকার হিসেবে অন্তর্ভুক্তি দরকার : তথ্যমন্ত্রী

৬। প্রবাসে কর্মরত থাকা অবস্থায় মৃত্যু হওয়া ৪৯ কর্মীর পরিবারকে ১ কোটি ৬০ লাখ টাকা অনুদান

৭। পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) ২৫ ডিসেম্বর

৮। পৌরসভা নির্বাচনে প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিন আজ

৯। বিজয় দিবস ও বড়দিন উপলক্ষে সর্বোচ্চ সতর্ক থাকার নির্দেশ
: ঢাকা মেট্রোপলিটন পুলিশের সভা

১০। উন্নত ও স্থিতিশীল বাংলাদেশ দেখতে চায় ভারত
: বিদায়ী সাক্ষাৎকারে ভারতের হাই কমিশনার

১১। পিইসির ফল ৩০ ডিসেম্বর, ২৮-৩০'র মধ্যে জেএসসি

১২। বুড়িগঙ্গায় ট্রলারডুবিতে এক পরিবারের তিনজনসহ নিখোঁজ ৫, আহত ১০

চলমান পাতা/২

**১। বিশ্ববাসী দেখুক আমরাও পারি : পদ্মা সেতুর মূল কাজের উদ্বোধনকালে প্রধানমন্ত্রী**
**-ধলেশ্বরী ব্রিজ ও হানিফ ফ্লাইওভারে টোল দিলেন প্রধানমন্ত্রী**

পদ্মা সেতু নিয়ে দেশি-বিদেশি অনেক ষড়যন্ত্র হয়েছে মন্তব্য করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মিথ্যা অজুহাতে বিশ্বব্যাংক আমাদের অর্থ দিতে চায়নি। কিন্তু তাই বলে আমরা বসে থাকিনি। নিজেদের অর্থায়নে পদ্মা সেতু নির্মাণ শুরু করে আমরা আবারো প্রমাণ করেছি, বাঙালি বীরের জাতি। বিশ্ববাসী দেখুক, আমরাও পারি। বহুল প্রতীক্ষিত পদ্মা বহুমুখী সেতুর মূল পাইলিং ও নদীশাসন কাজের উদ্বোধন করতে গিয়ে গতকাল **১২** ডিসেম্বর শনিবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ, প্রথম আলো, জনকণ্ঠ, ইত্তেফাক, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান,ডেইলি স্টার, নিউজ টুডে**সহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

ধলেশ্বরী ব্রিজ ও হানিফ ফ্লাইওভার টোলবক্সের সামনে গাড়ি নিয়ে দাঁড়িয়ে গেলেন স্বয়ং প্রধানমন্ত্রী শেখ হাসিনা। জানালা খুলে নিজের গাড়িসহ বহরে থাকা সকল গাড়িরই টোল পরিশোধ করার নির্দেশ দিলেন। তটস্থ ও অবাক বিস্ময়ে পাথর হয়ে যাওয়া ব্যক্তি প্রধানমন্ত্রীর কাছ থেকে টোল গ্রহণ করেন। মুন্সীগঞ্জের মাওয়া থেকে সড়কপথে ঢাকায় ফেরার পথে গতকাল **১২** ডিসেম্বর শনিবার এমনিভাবে সবাইকে হতবাক করে দিয়ে ব্রিজ ও ফ্লাইওভারের টোল প্রদান করে এক অনন্য নজির স্থাপন করলেন প্রধানমন্ত্রী। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৫)।

**২। ঐতিহাসিক জলবায়ু চুক্তি সই : উষ্ণতা বৃদ্ধি ২ ডিগ্রির নিচে**

ধরিত্রীকে বাঁচাবার জন্য অবশেষে ঐকমত্যে পৌঁছেছেন বিশ্ব নেতারা। প্যারিস সম্মেলনের দ্বিতীয় অধিবেশনে গতকাল **১২** ডিসেম্বর শনিবার সন্ধ্যা ৭ টায় তারা এ বিষয়ে ঐতিহাসিক এক চুক্তিতে স্বাক্ষর করেন। যার মাধ্যমে ২০৫০ সালের মধ্যে বৈশ্বিক তাপমাত্রা বৃদ্ধি ২ ডিগ্রি সেলসিয়াসে রাখার সিদ্ধান্ত নিয়েছেন বিশ্ব নেতারা। যা ধীরে ধীরে দেড় ডিগ্রি সেলসিয়াসে নামিয়ে আনা হবে। গ্রিন হাউস গ্যাসের নিঃসরণ কমাতে এ ধরনের বৈশ্বিক চুক্তি এই প্রথম। বিশ্বের **১৯৫**টি দেশের নেতারা এ চুক্তিতে স্বাক্ষর করেন। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)। **ডেইলি অবজারভার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩। নতুন পে-স্কেলে জানুয়ারিতে বেতন : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, যত জটিলতাই সৃষ্টি হোক না কেন, আগামী জানুয়ারিতে সরকারি চাকরিজীবীরা নতুন পে-স্কেলে বেতন পাবেন। গতকাল **১২** ডিসেম্বর শনিবার সচিবালয়ে বাংলাদেশ সফররত ভারতের ত্রিপুরা রাজ্যের গভর্নর শ্রী তথাগত রায়ের সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৪), **প্রথম আলো** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭)।

**৪। মানসিক স্বাস্থ্য আইন জানুয়ারিতে পাস হবে : স্বাস্থ্যমন্ত্রী**

সাতদিনের মধ্যেই মানসিক স্বাস্থ্য আইনের প্রস্তাব মন্ত্রিপরিষদে উপস্থাপন করা হবে বলে ঘোষণা দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। তিনি বলেন, আগামী জানুয়ারির মধ্যেই আইনটি পাস করা হবে। গতকাল **১২** ডিসেম্বর শনিবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সাইকিয়াট্রিস (বিএপি) আয়োজিত মানসিক স্বাস্থ্য বিষয়ক অষ্টম আন্তর্জাতিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **সমকাল** (পৃ.২,ক.১)।

**৫। ইন্টারনেট সুবিধা মানবাধিকার হিসেবে অন্তর্ভুক্তি দরকার : তথ্যমন্ত্রী**

খাদ্য ও ইন্টারনেট সুবিধার অধিকারকে মৌলিক মানবাধিকার হিসেবে উল্লেখ করে উক্ত দুটি বিষয়কে সংবিধানে অন্তর্ভুক্ত করার দাবি জানিয়েছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। গতকাল **১২** ডিসেম্বর শনিবার রাজধানীর হোটেল ওয়েস্টিনের সাউথ পার্কে আয়োজিত এক সম্মেলনে তিনি এ প্রস্তাব উপস্থাপন করেন। তথ্যমন্ত্রী বলেন, আমাদের অনেক অধিকার রয়েছে। কিন্তু যুগের চাহিদা অনুসারে খাদ্য ও ইন্টারনেটের অধিকার অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থার ৩৮তম প্রতিষ্ঠা বার্ষিকী ও চতুর্দশ জাতীয় সম্মেলন উপলক্ষে উক্ত সভার আয়োজন করা হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **যায়যায়দিন** (পৃ.৩,ক.৭), **ইনকিলাব** (পৃ.২,ক.৬)।

**৬। প্রবাসে কর্মরত থাকা অবস্থায় মৃত্যু হওয়া ৪৯ কর্মীর পরিবারকে ১ কোটি ৬০ লাখ টাকা অনুদান**

মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে কর্মরত থাকা অবস্থায় মৃত্যু হওয়া ৪৯ জন কর্মীর পরিবারকে **১** কোটি ৬০ লাখ ৩৫ হাজার ৮৮৯ টাকার আর্থিক অনুদান দিয়েছে প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

গতকাল **১২** ডিসেম্বর শনিবার সকাল **১০**টায় চট্টগ্রাম সার্কিট হাউসে তাদের স্বজনদের হাতে অনুদানের চেক তুলে দেন প্রবাসীকল্যাণ মন্ত্রী নুরম্নল ইসলাম বিএসসি। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১), **ইনকিলাব** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৬)।

**৭। পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) ২৫ ডিসেম্বর**

গতকাল **১২** ডিসেম্বর শনিবার বাংলাদেশের আকাশে রবিউল আউয়াল মাসের চাঁদ দেখা যায়নি। ফলে আগামীকাল **১৪** ডিসেম্বর সোমবার থেকে রবিউল আউয়াল মাস গণনা শুরম্ন হচ্ছে এবং আগামী **২৫** ডিসেম্বর শুক্রবার পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) পালিত হবে। বায়তুল মোকাররমে ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে গতকাল **১২** ডিসেম্বর শনিবার সন্ধ্যায় জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

**৮। পৌরসভা নির্বাচনে প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিন আজ**

পৌরসভা নির্বাচনে অংশ নেওয়া প্রার্থীদের প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিন আজ **১৩** ডিসেম্বর রোববার। আগামীকাল **১৪** ডিসেম্বর সোমবার থেকে বৈধ প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ করবেন রিটার্নিং অফিসাররা। ইতোমধ্যেই পৌর ভোটের প্রচার শুরম্ন হয়ে গেছে। দীর্ঘ সাত বছর পর এবার নৌকা-ধানের শীষ প্রতীক নিয়ে মাঠে নামবেন প্রার্থীরা। এদিকে আজ থেকে আচরণবিধি তদারকিতে প্রতিটি নির্বাচনী এলাকায় একজন করে নির্বাহী ম্যাজিস্ট্রেট নামছেন। সেই সঙ্গে ভোটের আগে-পরে চার দিন আরো প্রায় এক হাজার নির্বাহী ও জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট দায়িত্বে থাকবেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৭)।

**৯। বিজয় দিবস ও বড়দিন উপলক্ষে সর্বোচ্চ সতর্ক থাকার নির্দেশ**
**: ঢাকা মেট্রোপলিটন পুলিশের সভা**

বিজয় দিবস, খ্রিস্টান সম্প্রদায়ের বড় দিন ও থার্টি ফার্স্ট নাইট উপলক্ষে সর্বোচ্চ সতর্ক থাকার নির্দেশ দেওয়া হয়েছে। পুলিশকে হামলা প্রতিরোধে সর্বোচ্চ সতর্ক থাকতে বলা হয়েছে। গতকাল **১২** ডিসেম্বর শনিবার ঢাকা মেট্রোপলিটন পুলিশের মাসিক অপরাধ সভায় এ নির্দেশনা দেওয়া হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **যুগান্তর** (পৃ.২,ক.৭)।

**১০। উন্নত ও স্থিতিশীল বাংলাদেশ দেখতে চায় ভারত**
**: বিদায়ী সাক্ষাৎকারে ভারতের হাই কমিশনার**

উন্নত ও স্থিতিশীল বাংলাদেশ দেখতে চায় ভারত। বাংলাদেশের শান্তিপূর্ণ পরিস্থিতি ভারতসহ দক্ষিণ এশিয়ার নিরাপত্তার জন্য খুবই গুরম্নত্বপূর্ণ। সংবাদ মাধ্যমকে দেওয়া বিদায়ী সাক্ষাৎকারে এ কথা বলেন ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার পঙ্কজ শরণ। এক প্রশ্নের জবাবে তিনি আরও বলেন সীমান্ত এলাকায় বাংলাদেশ ও ভারতের উভয় দেশের মানষের দারিদ্র্য দূর এবং কর্মসংস্থান নিশ্চিত করা না গেলে উন্নত ও শান্তিপূর্ণ সীমান্ত ব্যবস্থাপনা গড়ে উঠবে না। সীমান্তে অনাকাঙ্ক্ষিত ঘটনা বন্ধ করা দুরম্নহ হয়ে পড়বে। প্রায় চার বছর বাংলাদেশ মিশনে দায়িত্ব পালন শেষে জানুয়ারি মাসে রাশিয়ায় ভারতের রাষ্ট্রদূত হিসেবে যোগ দিচ্ছেন পঙ্কজ শরণ। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**১১। পিইসির ফল ৩০ ডিসেম্বর, ২৮-৩০'র মধ্যে জেএসসি**

আগামী ২৮ থেকে ৩০ ডিসেম্বরের মধ্যে জুনিয়র স্কুল সার্টিফিকেটসহ (জেএসসি) দুটি পাবলিক পরীক্ষার ফল প্রকাশের প্রস্তুতি চলছে। অপরদিকে প্রাথমিক শিক্ষা সমাপনীসহ (পিইসি) অপর দুটি পরীক্ষার ফল ৩০ ডিসেম্বর প্রকাশ করা হবে। এ লক্ষ্যে খাতা মূল্যায়ন এবং ফল চূড়ান্ত করার প্রক্রিয়া এগিয়ে চলছে। এছাড়া প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাক্ষাতের সময় চেয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয় পৃথকভাবে সারসংক্ষেপ পাঠাচ্ছে প্রধানমন্ত্রীর কার্যালয়ে। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫), **যায়যায়দিন** (পৃ.১,ক.১), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৪)।

**১২। বুড়িগঙ্গায় ট্রলারডুবিতে এক পরিবারের তিনজনসহ নিখোঁজ ৫, আহত ১০**

নারায়ণগঞ্জের সদর উপজেলার ডিক্রিরচরে বুড়িগঙ্গা নদীতে যাত্রীবাহী লঞ্চের ধাক্কায় একটি ইঞ্জিনচালিত ট্রলার ডুবে একই পরিবারের ৩ জনসহ নিখোঁজ রয়েছে ৫ জন। এতে আহত হয়েছেন অন্তত আরো **১০** যাত্রী।

চলমান পাতা/৪

গতকাল **১২** ডিসেম্বর শনিবার ওরস থেকে ফেরার পথে এ দুর্ঘটনা ঘটে। খবর পেয়ে পুলিশ ও ফায়ার সার্ভিসের ডুবুরি দল ঘটনাস্থলে নিখোঁজদের খোঁজে নদীতে তলস্নশি শুরম্ন করেছে। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৭)।

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো :** কতিপয় ভুয়া মুক্তিযোদ্ধা সনদধারীদের স্থানীয় মুক্তিযোদ্ধা, সরকারি দপ্তর ও এলাকাবাসীর সমগ্য প্রমাণের ভিত্তিতে তারা যে মুক্তিযোদ্ধা নন তা বেরিয়ে আসার পরিপ্রেক্ষিতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় অভিযোগগুলোর পক্ষাপা নিক্ষাপা করে উলিস্নখিত ব্যক্তিদের ভাতা স্থগিত ও সনদ বাতিল করার যে সিদ্ধান্ত নিয়েছে তা সাধুবাদ পাওয়ার যোগ্য বলে মন্তব্য;

খ. **ইত্তেফাক :** রাজধানীর তেজগাঁওয়ের ট্রাক স্ট্যান্ড উচ্ছেদ করায় যানজট কমাতে তা অনেক সহায়ক হবে উলেস্নখ করে এ উদ্যোগ নেওয়ায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হককে অভিনন্দন জ্ঞাপন;

গ. **জনকণ্ঠ :** প্রতিবন্ধীদের প্রতি সবাইকে সহমর্মিতার হাত বাড়িয়ে দেওয়ার আহ্বান;

ঘ. **সংবাদ :** রেল হবে আমাদের ভবিষ্যৎ যোগাযোগ নেটওয়ার্কের একমাত্র মাধ্যম প্রধানমন্ত্রীর এই আশ্বাস বাস্তবায়ন করতে রেলকে অন্ধগতার চক্র থেকে বের করে আনার ওপর গুরম্নত্বারোপ;

ঙ. **যুগান্তর :** গত দুই বছরে ছোট বড় মিলিয়ে পোশাক শিল্পের প্রায় দুই হাজার কারখানা বন্ধ হওয়ার সাথে সাথে আরও কয়েকশত কারখানার জীর্ণ দশায় উদ্বেগ প্রকাশ করে এ অবস্থা থেকে উত্তরণে সরকার, আর্থিক প্রতিষ্ঠান ও মালিকপক্ষগসহ সংশিস্নষ্ট সব পক্ষগকে একসঙ্গে কাজ করার আহ্বান;

চ. **ডেইলি স্টার :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদ্মা সেতুর মূল কাজ উদ্বোধন করায় ইতিহাসে নতুন এক অধ্যায়ের সূচনা হলো বলে অভিমত প্রকাশ করে বিশেষজ্ঞদের স্বাধীনভাবে কাজ করতে দেওয়ার সুপারিশ;

ছ. **ইন্ডিপেনডেন্ট :** নারায়ণগঞ্জ, সাভার ও গাজীপুরে প্রায় এক হাজার ইটের ভাটা থাকায় ঐ সমস্ত অঞ্চলে বসবাসরত লোকদের স্বাস্থ্য ঝুঁকি বেড়ে যাওয়ার প্রেক্ষিতে ইট ভাটা সংক্রান্ত আইন ভঙ্গকারী ভাটা মালিকদের বিরম্নদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের আহ্বান;

জ. **ডেইলি সান :** পৌরসভা নির্বাচনকে কেন্দ্র করে অবৈধ অস্ত্র চোরাচালান বেড়ে যাওয়ায় আইন শৃঙ্খলা বাহিনীকে দ্রম্নত অবৈধ অস্ত্র উদ্ধার অভিযান চালানোর সুপারিশ;

ঝ. **নিউজ টুডে :** নিম্ন আয়ের গরিব লোকদের জন্য অল্প খরচে গৃহায়ণের ব্যবস্থা করতে স্বল্প সুদে সস্টলোনের ব্যবস্থা জোরদার করার ওপর গুরম্নত্বারোপ;

ঞ. **ডেইলি অবজারভার :** আসন্ন পৌরসভা নির্বাচনে নির্বাচন কমিশনকে সুষ্ঠু ও নিরপেক্ষগভাবে অর্পিত দায়িত্ব পালনের আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে কৃষি উপকরণ স্বল্পমূল্যে সরবরাহের ব্যবস্থা করলে কৃষকরা কম খরচে বীজ উৎপাদন করতে পারবেন বলে উলেস্নখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'দারিদ্র্য জয়ে চাই মুক্তবাণিজ্যের বিকাশ'** শিরোনামের নিবন্ধে মুহম্মদ সবুর আন্তর্জাতিক কাঙ্ক্ষিত বাণিজ্যে সুযোগ ও সহযোগিতা পেলে বাংলাদেশের অর্থনীতি আরও এগিয়ে যাবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ১০ ডিসেম্বর ২০১৫, ২৬ অগ্রহায়ণ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। নারীদের চাকরি করা থেকে বিরত রাখার কোনো সুযোগ নেই
: বেগম রোকেয়া পদক প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

২। আজ বিশ্ব মানবাধিকার দিবস : এ উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী পৃথক বাণী দিয়েছেন

৩। বিদ্যুৎ ব্যবহারে সংযমী হতে প্রধানমন্ত্রীর আহ্বান : বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ শুরু আজ

৪। প্রতিষ্ঠার সময়ক্রম অনুসারে টিভি চ্যানেল দেখাবে কেবল অপারেটররা : বৈঠকে সিদ্ধান্ত

৫। শ্রেণিকক্ষকে আরও আকর্ষণীয় করতে শিক্ষামন্ত্রীর নির্দেশ

৬। সুন্দরবন সুরক্ষায় বাংলাদেশ ভারত এক সঙ্গে কাজ করবে
: প্যারিসে দুই দেশের পরিবেশ মন্ত্রীর বৈঠক

৭। বাংলাদেশ-সিঙ্গাপুরের মধ্যে মাতারবাড়ি ১৪শ' মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্র নির্মাণে চুক্তি সই

৮। পৌর নির্বাচনের প্রচার শুরু : ১৪ ডিসেম্বরের আগে প্রতীক ব্যবহার নয়

৯। প্যানেলভুক্ত শিক্ষকদের নিয়োগের নির্দেশ : হাইকোর্টের রায়

১০। আইটি খাতের আয় পোশাক খাতকে ছাড়িয়ে যাবে
: প্রধানমন্ত্রীর তথ্য ও প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা

১১। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সোয়া কোটি ভারতীয় রুপি উদ্ধার

১২। বাংলাদেশ থেকে প্রতিবছর পাচার হচ্ছে ৪৪ হাজার কোটি টাকা
: গ্লোবাল ফিনান্সিয়াল ইন্টেগ্রিটির প্রতিবেদন

১৩। বাণিজ্য আস্থায় বাংলাদেশ শীর্ষে : এইচএসবিসির বাণিজ্য আস্থা জরিপ

চলমান পাতা/২

**১। নারীদের চাকরি করা থেকে বিরত রাখার কোনো সুযোগ নেই**
**: বেগম রোকেয়া পদক প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ইসলাম নারীদের সুযোগ দিয়েছে এবং কর্মক্ষেত্রে তাদের অধিকার নিশ্চিত করেছে তাই কোনো অজুহাতে চাকরি করা থেকে দেশের নারীদের নিরস্ত্র করার কোনো অবকাশ নেই। তিনি বলেন, শালীনতা বজায় রেখে মহিলারা সকল কাজ করতে পারেন। ইসলাম একমাত্র ধর্ম, যে ধর্ম নারীদের অধিকার নিশ্চিত করেছে, হোক তা সম্পদ অথবা কর্মক্ষেত্র। প্রধানমন্ত্রী গতকাল ৯ ডিসেম্বর বুধবার ওসমানী স্মৃতি মিলনায়তনে বেগম রোকেয়া দিবসের উদ্বোধন এবং বেগম রোকেয়া পদক-২০১৫ বিতরণকালে এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

**২। আজ বিশ্ব মানবাধিকার দিবস : এ উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী পৃথক বাণী দিয়েছেন**

আজ ১০ ডিসেম্বর বৃহস্পতিবার বিশ্ব মানবাধিকার দিবস। দিবসটির এবারের প্রতিপাদ্য হচ্ছে 'সব সময় আমাদের অধিকার, আমাদের স্বাধীনতা।' সারা বিশ্বের মত বাংলাদেশেও দিবসটি পালনের লক্ষ্যে বিভিন্ন সংগঠন বিস্তারিত কর্মসূচি গ্রহণ করেছে। কর্মসূচির মধ্যে রয়েছে শোভাযাত্রা, আলোচনা সভা, মানববন্ধন, সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা দিবসটি উপলক্ষে পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.২), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৭)।

**৩। বিদ্যুৎ ব্যবহারে সংযমী হতে প্রধানমন্ত্রীর আহ্বান : বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ শুরু আজ**

তিন দিনব্যাপী জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ আজ ১০ ডিসেম্বর বৃহস্পতিবার শুরু হয়েছে। এ খাতের উন্নয়নে সরকারের কর্মকাণ্ড সম্পর্ক দেশের জনগণকে অবহিত করা এবং বিদ্যুৎ ও জ্বালানির সংযমী ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে জনসচেতনতা সৃষ্টিই এ কর্মসূচির উদ্দেশ্য। এ উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাণী দিয়েছেন। বাণীতে তিনি বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারে সবাইকে সংযমী ও সাশ্রয়ী হওয়ার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, ভবিষ্যৎ প্রজন্মের জন্য জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা আমাদের সবার দায়িত্ব। সূত্র-**যুগান্তর** (পৃ.১৬,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

**৪। প্রতিষ্ঠার সময়ক্রম অনুসারে টিভি চ্যানেল দেখাবে কেবল অপারেটররা : বৈঠকে সিদ্ধান্ত**

প্রতিষ্ঠার সময় অনুযায়ী ক্রম ঠিক করে টেলিভিশন চ্যানেল প্রদর্শনে কেবল অপারেটরদের নির্দেশ দেবে সরকার। অর্থাৎ, যে টেলিভিশন চ্যানেল সবার আগে সম্প্রচারে এসেছে, সেটি থাকবে এক নম্বরে। এরপর প্রতিষ্ঠার ক্রম অনুযায়ী টিভি চ্যানেল প্রদর্শনের ক্রম নির্ধারিত হবে। গতকাল ৯ ডিসেম্বর বুধবার সচিবালয়ে বেসরকারি টেলিভিশন চ্যানেলগুলোর মালিকদের সঙ্গে এক বৈঠকে এ সিদ্ধান্ত হয়েছে বলে সরকারের দুই মন্ত্রী সাংবাদিকদের জানিয়েছেন। বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেন, দেশে চ্যানেলগুলোর ক্রম ঠিকমতো নেই, বিদেশি চ্যানেল আগে দেখায়। দেশের কোনো কোনো চ্যানেল আগে, আবার আগে প্রতিষ্ঠিত অনেক চ্যানেলই পরে আসে, এটা ঠিক না। আমরা সিরিয়াল ঠিক করে দেব। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৪), **প্রথম আলো** (পৃ.৩,ক.৬), **যায়যায়দিন** (পৃ.৩,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭)।

**৫। শ্রেণিকক্ষকে আরও আকর্ষণীয় করতে শিক্ষামন্ত্রীর নির্দেশ**

শিক্ষার্থীদের উপস্থিতি বাড়াতে শ্রেণিকক্ষকে আরও আকর্ষণীয় করতে শিক্ষকদের নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, শুধু ক্লাসকে আকর্ষণীয় করলেই চলবে না সঙ্গে শিক্ষকদের পাঠদানের বিষয়বস্তুকে আরও আকর্ষণীয় করে তুলতে হবে। যাতে শিক্ষার্থীরা বাইরে সময় কাটাতে না চায়। গতকাল ৯ ডিসেম্বর বুধবার মিরপুর সরকারি বাংলা কলেজে মহান বিজয় দিবসের অনুষ্ঠানের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)।

**৬। সুন্দরবন সুরক্ষায় বাংলাদেশ ভারত এক সঙ্গে কাজ করবে**
**: প্যারিসে দুই দেশের পরিবেশ মন্ত্রীর বৈঠক**

সুন্দরবনের সুরক্ষার জন্য বাংলাদেশ এবং ভারত একসাথে কাজ করবে। প্যারিসে গতকাল ৯ ডিসেম্বর বুধবার বাংলাদেশের পরিবেশ ও বনমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু এবং ভারতের পরিবেশ মন্ত্রী প্রকাশ জাবেদকারের বৈঠকে এ অঙ্গিকার ব্যক্ত করা হয়েছে। এতে সুন্দরবনের পাশাপাশি রয়েল বেঙ্গল টাইগার রক্ষার বিষয়টি নিয়েও

চলমান পাতা/৩

আলোচনা হয়েছে। দুই মন্ত্রী বলেন, জলবায়ু পরিবর্তন ইস্যুতে বাংলাদেশ এবং ভারতের সমস্যাগুলো অভিন্ন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **প্রথম আলো** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি অবজারভার** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৮)।

**৭। বাংলাদেশ-সিঙ্গাপুরের মধ্যে মাতারবাড়ি ১৪শ' মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্র নির্মাণে চুক্তি সই**

কক্সবাজারের মহেশখালী উপজেলার মাতারবাড়িতে কয়লাভিত্তিক ৭শ' মেগাওয়াটের দুটি (১৪শ' মেগাওয়াট) বিদ্যুৎকেন্দ্র নির্মাণের লক্ষ্যে বাংলাদেশ ও সিঙ্গাপুরের মধ্যে সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর হয়েছে। গতকাল ৯ ডিসেম্বর বুধবার রাজধানীর বিদ্যুৎ ভবনে বাংলাদেশের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান কোল পাওয়ার জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ ও সিঙ্গাপুরের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান সেমবেকোর্প ইউটিলিটিজ লিমিটেডের মধ্যে এই চুক্তি স্বাক্ষর হয়। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.৭), **নিউ নেশন** (পৃ.১,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫)।

**৮। পৌর নির্বাচনের প্রচার শুরু : ১৪ ডিসেম্বরের আগে প্রতীক ব্যবহার নয়**

গতকাল ৯ ডিসেম্বর বুধবার থেকে আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে দেশের ২৩৪টি পৌরসভায় নির্বাচনী প্রচারযুদ্ধ। তবে প্রথম দিন কোনো প্রতীক ছাড়াই নিজেদের পক্ষে ভোট চেয়ে দিনভর গণসংযোগ করেছেন মেয়র, কাউন্সিলর ও সংরক্ষিত কাউন্সিলর প্রার্থীরা। প্রথমবারের মতো কোনো স্থানীয় সরকার প্রতিষ্ঠানে দলীয় প্রতীকে মেয়র পদে নির্বাচন হতে যাওয়ায় নির্বাচনী এলাকাগুলোতে সৃষ্টি হয়েছে নতুন আমেজ। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.২)। **ইত্তেফাক, নিউ এজ, বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৯। প্যানেলভুক্ত শিক্ষকদের নিয়োগের নির্দেশ : হাইকোর্টের রায়**

নতুন রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের (জাতীয়করণ) সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য তৈরি করা প্যানেলের শিক্ষকদের নিয়োগের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। রায়ের কপি পাওয়ার পর ৬০ দিনের মধ্যে তাদের নিয়োগ দিতে বলা হয়েছে। বিচারপতি ফারাহ মাহবুব ও বিচারপতি কাজী মো. ইজারুল হক আকন্দ সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল ৯ ডিসেম্বর বুধবার এ সংক্রান্ত জারি করা পৃথক ১৩০টি রিটের রুল নিষ্পত্তি করে এ রায় দেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৩), **যায়যায়দিন** (পৃ.৩,ক.৮), **যুগান্তর** (পৃ.২,ক.১)।

**১০। আইটি খাতের আয় পোশাক খাতকে ছাড়িয়ে যাবে**
**: প্রধানমন্ত্রীর তথ্য ও প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার তথ্য ও প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, বর্তমানে তথ্য প্রযুক্তি ও সেবা পণ্যের রপ্তানি আয় বছরে ৩০ কোটি ডলার ছাড়িয়ে গেছে। আগামীতে দেশের আইটি খাত থেকে বৈদেশিক মুদ্রায় আয় তৈরি পোশাক খাতকে ছাড়িয়ে যাবে। এটাকে এগিয়ে নেবে বিপিও ইন্ডাস্ট্রি। গতকাল ৯ ডিসেম্বর বুধবার রাজধানীর একটি হোটেলে দুই দিনব্যাপী বিজনেস প্রসেস আউটসোর্সিং (বিপিও) সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো** (পৃ.৩,ক.৭), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** বিজনেস (পৃ.১,ক.৪), **নিউ এজ** (পৃ.১,ক.৮)।

**১১। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সোয়া কোটি ভারতীয় রুপি উদ্ধার**

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে কম্বলের প্যাকেট থেকে এক কোটি ২১ লাখ ভারতীয় রুপি উদ্ধার করেছে ঢাকা কাস্টমস। গতকাল ৯ ডিসেম্বর বুধবার 'লস্ট অ্যান্ড ফাউন্ড' শাখায় তল্লাশি চালিয়ে এ রুপি জব্দ করা হয়। তবে কাউকে আটক করা যায়নি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৮), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি অবজারভার** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**১২। বাংলাদেশ থেকে প্রতিবছর পাচার হচ্ছে ৪৪ হাজার কোটি টাকা : গ্লোবাল ফিনান্সিয়াল ইন্টেগ্রিটির প্রতিবেদন**

বাংলাদেশ থেকে প্রতিবছর গড়ে ৫৫৮ কোটি ৮০ লাখ ডলার পাচার হয়ে যাচ্ছে। দেশীয় মুদ্রায় যার পরিমাণ ৪৪ হাজার ১৪৫ কোটি টাকা। কালো টাকার এ উৎস হচ্ছে কর ফাঁকি, দুর্নীতিসহ বিভিন্ন অপরাধের মাধ্যমে অর্জিত অর্থ। কালো টাকা পাচারের তালিকায় বাংলাদেশের নাম এসেছে ২৬তম অবস্থানে। পার্শ্ববর্তী দেশ ভারত রয়েছে ৪র্থ স্থানে, শীর্ষে রয়েছে চীন। ২০০৪ থেকে ২০১৩ সাল পর্যন্ত তথ্য সংগ্রহ করে এ তালিকা প্রস্তুত

চলমান পাতা/৪

করেছে যুক্তরাষ্ট্র ভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান গেস্লাবাল ফাইনান্সিয়াল ইন্টিগ্রিটি (জিএফআই)। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭)। **প্রথম আলো, সমকাল, যুগান্তর, ডেইলি স্টার, ফিনানশিয়াল এক্সপ্রেস** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১৩। বাণিজ্য আস্থায় বাংলাদেশ শীর্ষে : এইচএসবিসির বাণিজ্য আস্থা জরিপ**

বাণিজ্য আস্থায় এখন সর্বোচ্চ স্কোর বা নম্বর বাংলাদেশের। বিশ্বের ২৫টি দেশের ওপর বহুজাতিক ব্যাংক দ্য হংকং অ্যান্ড সাংহাই ব্যাংকিং কর্পোরেশনের (এইচএসবিসি) এক জরিপে এমন তথ্যই উঠে এসেছে। এইচএসবিসির এই জরিপ অনুযায়ী বৈশ্বিক অর্থনীতিতে দুর্বলতার মধ্যেও চলতি বছরে দ্বিতীয় প্রান্তিকে বাংলাদেশের বাণিজ্য আস্থা সূচক বেড়েছে। সূত্র-**প্রথম আলো** (পৃ.১৩,ক.২), **সমকাল** (পৃ.১২,ক.৪), **ডেইলি স্টার** বিজনেস (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.১)।

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো :** আসন্ন পৌরসভা নির্বাচনে প্রার্থীদের নির্বাচনী আচরণবিধি যেন লংঘিত না হয় সেব্যাপারে নির্বাচন কমিশনের নিরপেক্ষতা বজায় রাখার সুপারিশ;

খ. **ইত্তেফাক :** ই-বর্জ্যের আধিক্যে আমাদের দেশে জনস্বাস্থ্য ঝুঁকির মধ্যে পড়েছে উলেস্নখ করে দেশের প্রতিটি শহরে মেডিকেল ও ই-বর্জ্যের জন্য পৃথক ভাগাড় নির্মাণের ওপর গুরম্নত্বারোপ;

গ. **জনকণ্ঠ :** বেসরকারি শিক্ষক নিয়োগে কমিশন গঠন করার সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে সুনীতি, স্বচ্ছতা, দেশপ্রেম হোক শিক্ষক নিয়োগের অবলম্বন বলে প্রত্যাশা ব্যক্ত;

ঘ. **সংবাদ :** সামাজিক যোগাযোগ মাধ্যম খুলে দেওয়ার সুপারিশ জানিয়ে নাশকতা দমনে ও আইনশৃঙ্খলা রক্ষায় সরকারকে প্রযুক্তিগত সক্ষমতা ও দক্ষ জনবল বাড়ানোর ওপর গুরম্নত্বারোপ;

ঙ. **যুগান্তর, ইত্তেফাক, প্রথম আলো, ভোরের কাগজ, ইনকিলাব, যায়যায়দিন :** রাজধানীর শ্যামপুরে স্যুয়ারেজের খোলা ম্যানহোলে পড়ে নীরব নামে একটি শিশুর মর্মান্তিক মৃত্যু এক বছর আগের শাহজাহানপুরে পরিত্যক্ত পানির পাইপে পড়ে শিশু জিহাদের মৃত্যুর কথা মনে করিয়ে দেয় উলেস্নখ করে এধরনের ঘটনার জন্য দায়ী প্রতিষ্ঠানের বিরম্নদ্ধে কঠোর আইনি পদক্ষেপ নেওয়ার দাবি;

চ. **ইন্ডিপেনডেন্ট :** আইবিএস বাল্বের চেয়ে সিএফএলএস ল্যাম্প অনেক বেশি বিদ্যুৎ সাশ্রয়ী ও স্থায়ীত্ব **১০** গুণ বেশি হওয়ায় বাংলাদেশে সিএফএলএস ল্যাম্প ব্যবহার বাড়ানোর পদক্ষেপ নেওয়ার আহ্বান;

ছ. **ডেইলি সান :** জাতীয় বিশ্ববিদ্যালয় ও কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয়ের দেওয়া গ্রাজুয়েশনের মান নিয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অভিমতের প্রেক্ষিতে এ বিষয়ে সময় উপযোগী ব্যবস্থা নেওয়ার প্রত্যাশা;

জ. **নিউ এজ :** স্বাস্থ্য সেবায় ব্যয় বেড়ে যাওয়ায় সরকারি হাসপাতালে প্রয়োজনীয় যন্ত্রপাতি ও জনবল বৃদ্ধি করে সেবার মান বাড়িয়ে সাধারণ জনগণের সেবা প্রাপ্তি সুলভ করার ওপর গুরম্নত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে জনগণকে পূর্ণরূপে সম্পৃক্ত করেই কেবল রাষ্ট্রের প্রকৃত নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব বলে উলেস্নখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'নির্বাচন কমিশনের জন্য চ্যালেঞ্জ'** শিরোনামের নিবন্ধে আশিষ সৈকত পৌরসভা নির্বাচন হলেও দলীয় প্রতীকে নির্বাচন হওয়ায় এটি গ্রহণযোগ্য করার চ্যালেঞ্জ এখন নির্বাচন কমিশনের বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ৯ ডিসেম্বর ২০১৫, ২৫ অগ্রহায়ণ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সকল অমীমাংসিত সমস্যার শীঘ্রই সমাধান
: ভারতের বিদায়ী হাইকমিশনারের সাক্ষাৎকালে রাষ্ট্রপতি
২। দারিদ্র্য লালনের ক্ষুদ্রঋণ প্রকল্প আর নয় : প্রধানমন্ত্রী
- একনেকে সিঙ্গেল মুরিং টার্মিনালসহ ১০ প্রকল্প অনুমোদন
৩। এক সপ্তাহের মধ্যে নতুন বেতন কাঠামো কার্যকরে আদেশ জারি হবে : অর্থমন্ত্রী
৪। নারীর প্রতি সহিংসতা রোধে সম্মিলিত প্রয়াস জরুরি : ঢাকায় ৯ নারী রাষ্ট্রদূত
- বেগম রোকেয়া দিবস আজ : এ উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী পৃথক বাণী দিয়েছেন
৫। 'স্বাস্থ্যমন্ত্রী জাতীয় পুরস্কার' পেল ৩৬ সরকারি হাসপাতাল
-স্বাস্থ্যখাতে অনিয়ম নয় : স্বাস্থ্যমন্ত্রী
৬। জাপানি নাগরিক হোশি কোনিও হত্যার মূল হোতা গ্রেপ্তার
৭। সার্কভুক্ত দেশগুলোর মধ্যে বাণিজ্য বাড়াতে অভিন্ন মান ব্যবস্থা গড়ার তাগিদ
৮। আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস আজ
৯। ভিটামিন 'এ' সমৃদ্ধ ভোজ্যতেল নিশ্চিতে বিশেষ অভিযান
১০। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ৯ কোটি টাকার স্বর্ণ আটক
- তিন কেজি কোকেনসহ স্পেনের নাগরিক গ্রেপ্তার
১১। মতিউর রহমান নিজামীর আপিলের রায় ৬ জানুয়ারি

চলমান পাতা/২

১। **সকল অমীমাংসিত সমস্যার শীঘ্রই সমাধান : ভারতের বিদায়ী হাইকমিশনারের স্বাগাৎকালে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, স্থল সীমান্ত চুক্তি বাস্তবায়ন বাংলাদেশ ও ভারতের মধ্যেকার সম্পর্ক ত্বরান্বিত করেছে। দু'দেশের মধ্যেকার সকল অমীমাংসিত ইস্যু শীঘ্রই সমাধান হবে বলে তিনি আশা প্রকাশ করেন। বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার পঙ্কজ শরণ গতকাল ৮ ডিসেম্বর মঙ্গলবার বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বিদায়ী স্বাগাৎ করতে গেলে তিনি একথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.২), **প্রথম আলো** (পৃ.২,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৩), **নিউ এজ** (শেষ পৃ.,ক.৭)।

২। **দারিদ্র্য লালনের ক্ষুদ্রঋণ প্রকল্প আর নয় : প্রধানমন্ত্রী**

**- একনেকে সিঙ্গেল মুরিং টার্মিনালসহ ১০ প্রকল্প অনুমোদন**

একনেক বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, এখন থেকে ক্ষুদ্র ঋণবিষয়ক কোনো প্রকল্প হাতে নেওয়া যাবে না। কেননা মানুষ ঋণ নেয় কিন্তু শোধ করতে পারে না। ফলে আবারও ঋণ নেয়, এভাবে তারা ঋণের জালে আটকে যায়। আর বের হতে পারে না। আমি দেশের মানুষকে এই ঋণের জালে আটকাতে চাই না। তাই এখন থেকে মাইক্রোক্রেডিট নয়, হবে মাইক্রো ফাইন্যান্স এবং মাইক্রো সেভিংস। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)।

এদিকে চট্টগ্রামে দেশের প্রথম সিঙ্গেল মুরিং টার্মিনাল তৈরিসহ দশটি প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এগুলো বাস্তবায়নে মোট ব্যয় হবে ৭ হাজার ২৭৬ কোটি ৩৬ লাখ টাকা। এরমধ্যে সরকারের নিজস্ব তহবিল থেকে ১ হাজার ৯১৮ কোটি ৬৫ লাখ, বৈদেশিক সহায়তা থেকে ৪ হাজার ৭৫৫ কোটি ১১ লাখ এবং বাস্তবায়নকারী সংস্থার নিজস্ব তহবিল থেকে ৬০২ কোটি ৬০ লাখ টাকা ব্যয় করা হবে। গতকাল ৮ ডিসেম্বর মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলনকক্ষে অনুষ্ঠিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। এতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপার্সন শেখ হাসিনা। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।

৩। **এক সপ্তাহের মধ্যে নতুন বেতন কাঠামো কার্যকরে আদেশ জারি হবে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন আগামী এক সপ্তাহের মধ্যেই নতুন বেতন কাঠামো কার্যকরের আদেশ জারি হবে। বেতন কাঠামো কার্যকরের আদেশ আইন মন্ত্রণালয়ে অপেক্ষমাণ রয়েছে। আজকালের মধ্যে তা অর্থ মন্ত্রণালয়ে আসবে। এর পরই আদেশ জারি হবে। এবারই শেষ পে-স্কেল, পরবর্তীতে নতুন করে কোনো পে-স্কেল গঠন করা হবে না জানিয়ে মন্ত্রী বলেন, বিশ্বের অন্য দেশের মতো পরবর্তী পাঁচ বছর অন্তর অন্তর সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা বাড়ার একটি নির্দেশনা থাকবে। গতকাল ৮ ডিসেম্বর মঙ্গলবার সিলেট সার্কিট হাউসে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়ে জাতীয় ইস্যুতে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **প্রথম আলো** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭)।

৪। **নারীর প্রতি সহিংসতা রোধে সম্মিলিত প্রয়াস জরুরি : ঢাকায় ৯ নারী রাষ্ট্রদূত**

**- বেগম রোকেয়া দিবস আজ : এ উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী পৃথক বাণী দিয়েছেন**

বাংলাদেশে নিযুক্ত নয়টি দেশের নারী রাষ্ট্রদূত একমত হয়েছেন যে, তাদের দেশে এবং বাংলাদেশে নারীর প্রতি সহিংসতার বিরুদ্ধে সাড়া দেওয়া ও সহিংসতা প্রতিরোধের প্রয়োজনীয়তা জরুরি ভিত্তিতে আমলে নেওয়া উচিত। গতকাল ৮ ডিসেম্বর মঙ্গলবার ঢাকার যুক্তরাষ্ট্র দূতাবাসের পাঠানো এক বিবৃতিতে এ কথা জানানো হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

আজ ৯ ডিসেম্বর বুধবার বেগম রোকেয়া দিবস। বাংলার নারী জাগরণের অগ্রদূত বেগম রোকেয়ার ১৩৫তম জন্ম ও ৮৩তম মৃত্যুবার্ষিকী। দিনটি উপলক্ষে সরকারি-বেসরকারি পর্যায়ে নানা কর্মসূচির আয়োজন করা হয়েছে। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ উপলক্ষে পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৮), **সমকাল** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৮), **নিউ এজ** (শেষ পৃ.,ক.১)।

৫। **'স্বাস্থ্যমন্ত্রী জাতীয় পুরস্কার' পেল ৩৬ সরকারি হাসপাতাল**

**-স্বাস্থ্যখাতে অনিয়ম নয় : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, স্বাস্থ্যখাতে দুর্নীতি ও অনিয়ম কোনোভাবেই প্রশ্রয় দেওয়া হবে না। একই সঙ্গে যেসব হাসপাতাল স্বাস্থ্যসেবার গুণগত মান নিশ্চিত করতে পারবে না তাদের

চলমান পাতা/৩

বিরূদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। সিভিল সার্জনদের নিজ নিজ জেলার হাসপাতালগুলোতে চিকিৎসকদের উপস্থিতি নিশ্চিতকরণ মনিটরিংয়ের নির্দেশ দেন তিনি। গতকাল ৮ ডিসেম্বর মঙ্গলবার প্যান প্যাসিফিক হোটেল সোনারগাঁওয়ে স্বাস্থ্যমন্ত্রী জাতীয় পুরস্কার ২০১৫ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.১)।

**৬। জাপানি নাগরিক হোশি কোনিও হত্যার মূল হোতা গ্রেপ্তার**

রংপুরে জাপানি নাগরিক হোশি কোনিও ও কাউনিয়ায় আওয়ামী লীগ নেতা হত্যা এবং বাহাই সম্প্রদায়ের নেতার ওপর হামলার ঘটনার মূল হোতা মাসুদ রানাকে রংপুরের পীরগাছা থেকে গ্রেপ্তার করা হয়েছে। গ্রেপ্তারকৃত মাসুদ নিষিদ্ধ ঘোষিত (জেএমবি)'র সদস্য বলে জানিয়েছে পুলিশ। এ বিষয়ে গতকাল ৮ ডিসেম্বর মঙ্গলবার দুপুরে রংপুর রেঞ্জের ডিআইজি তদন্ত কমিটির প্রধান হুমায়ুন কবির তার কার্যালয়ে সাংবাদিকদের ব্রিফিং করেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.২), **সমকাল** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)। **প্রথম আলো** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৭। সার্কভুক্ত দেশগুলোর মধ্যে বাণিজ্য বাড়াতে অভিন্ন মান ব্যবস্থা গড়ার তাগিদ**

সার্কভুক্ত দেশগুলোর মধ্যে আন্তঃবাণিজ্য বাড়াতে পণ্য ও সেবার অভিন্ন মান ব্যবস্থা গড়ে তোলার তাগিদ দিয়েছেন বক্তারা। তারা বলেন, সার্ক অঞ্চলে ১ দশমিক ৭ বিলিয়ন মানুষ বাস করলেও বর্তমানে দেশগুলোর মধ্যে আন্তঃবাণিজ্যের পরিমাণ সম্মিলিত রপ্তানির মাত্র ৫ শতাংশ। পণ্য ও সেবার গুণগত মান বাড়িয়ে সার্কভুক্ত দেশগুলো নিজেদের মধ্যে বাণিজ্য বৃদ্ধির পাশাপাশি বিশ্ববাজারে রপ্তানির প্রতিযোগিতায় সক্ষমতা অর্জন করতে পারে। গতকাল ৮ ডিসেম্বর মঙ্গলবার সার্কের ৩১তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে দক্ষিণ এশিয়ার আঞ্চলিক মান সংস্থা আয়োজিত আলোচনা সভায় বক্তারা এ কথা বলেন। রাজধানীর তেজগাঁওয়ে সারসো ভবনে এ সভা অনুষ্ঠিত হয়। শিল্পমন্ত্রী আমির হোসেন আমু এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৯,ক.৩), **প্রথম আলো** (পৃ.১৩,ক.৮), **ডেইলি অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

**৮। আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস আজ**

আজ আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস। 'জাগ্রত বিবেক, দুর্জয় তারুণ্য-দুর্নীতি রুখবেই' এই প্রতিপাদ্য নিয়ে এ বছর দিবসটি উদযাপন করছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। দুর্নীতিকে বৈশ্বিক সমস্যা হিসেবে চিহ্নিত করে এর নিয়ন্ত্রণ ও প্রতিরোধে সক্রিয় এবং কার্যকর কর্মপন্থা নির্ণয়ে জাতিসংঘের উদ্যোগে ২০০৩ সালের ৩১ অক্টোবর আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী সনদ গৃহীত হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

**৯। ভিটামিন 'এ' সমৃদ্ধ ভোজ্যতেল নিশ্চিতে বিশেষ অভিযান**

ভোক্তা পর্যায়ে শতভাগ ভিটামিন 'এ' সমৃদ্ধ ভোজ্যতেল সরবরাহ নিশ্চিত করতে শিগগিরই বিএসটিআইর নেতৃত্বে বিশেষ অভিযান পরিচালনা করা হবে বলে জানিয়েছেন শিল্প সচিব মো. মোশাররফ হোসেন ভূঁইয়া। তিনি বলেন, ভোজ্যতেলে ভিটামিন-এ সমৃদ্ধকরণ আইন, ২০১৩ এর আলোকে এ অভিযান পরিচালনা করা হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.৯,ক.২), **প্রথম আলো** (পৃ.১৩,ক.৫), **সংবাদ** (পৃ.১৪,ক.২)।

**১০। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ৯ কোটি টাকার স্বর্ণ আটক**

**- তিন কেজি কোকেনসহ স্পেনের নাগরিক গ্রেপ্তার**

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ১৮ কেজি ৬৫ গ্রাম ওজনের স্বর্ণের বার আটক করেছে শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদফতর, যার বাজার মূল্য প্রায় ৯ কোটি টাকা। গত ৭ ডিসেম্বর সোমবার রাত সাড়ে ১১টার দিকে স্বর্ণগুলো উদ্ধার করা হয়। শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের মহাপরিচালক ড. মইনুল খান জানান এমএইচ-১৯৬ নম্বর মালয়েশিয়ান এয়ারলাইন্সের একটি বিমান থেকে স্বর্ণগুলো উদ্ধার করা হয়। এর সঙ্গে জড়িত কাউকে আটক করা যায়নি বলেও জানান তিনি। তবে জড়িতদের ধরতে অভিযান চলছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **প্রথম আলো** (শেষ পৃ.,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৫)।

এছাড়া হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে তিন কেজি কোকেনসহ স্পেনের একজন নাগরিককে গ্রেপ্তার করেছেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তারা। গ্রেপ্তার স্প্যানিশ নাগরিকের নাম বি পি জুলিয়ান। উদ্ধার হওয়া কোকেনের দাম প্রায় ৬০ কোটি টাকা। সূত্র-**প্রথম আলো** (শেষ পৃ.,ক.৮)।

চলমান পাতা/৪

**১১। মতিউর রহমান নিজামীর আপিলের রায় ৬ জানুয়ারি**

যুদ্ধাপরাধ ট্রাইব্যুনালের ফাঁসির রায়ের বিরুদ্ধে জামায়াত নেতা মতিউর রহমান নিজামীর আপিলের রায় ৬ জানুয়ারি ঘোষণা করবে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। আসামি ও রাষ্ট্রপক্ষের আইনজীবীদের শুনানি গ্রহণ করে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বাধীন আপিল বিভাগের চার বিচারপতির বেঞ্চ গতকাল ৮ ডিসেম্বর মঙ্গলবার রায় ঘোষণার জন্য এ দিন ধার্য করে দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো :** অর্থবছরের প্রায় ছয় মাস পার হতে চললেও বার্ষিক উন্নয়ন পরিকল্পনার বাস্তবায়নের হার খুবই মন্থর হওয়ার চিত্র তুলে ধরে উন্নয়ন প্রকল্প নিয়ে টালবাহানা না করে, প্রকল্পের সংখ্যা না বাড়িয়ে গৃহীত প্রকল্পগুলো বাস্তবায়নের দিকেই কর্তৃপক্ষকে মনোযোগী হওয়ার আহ্বান;

খ. **ইত্তেফাক, সংবাদ :** আসন্ন পৌরসভা নির্বাচনে নারী প্রার্থীদের জন্য রাখা লিঙ্গ বৈষম্যমূলক নির্বাচনী প্রতীকগুলোর সমালোচনা করে নির্বাচন কমিশনকে প্রতীক বরাদ্দ সংক্রান্ত ভুলের সংশোধন করার সুপারিশ;

গ. **সংবাদ :** প্রবাসী শ্রমিকদের মাধ্যমে অধিকতর রেমিট্যান্স আনতে হলে শিক্ষিত ও প্রশিক্ষিত দক্ষ জনশক্তি বিদেশে পাঠানোর বিকল্প নেই বলে অভিমত;

ঘ. **জনকণ্ঠ :** জাফলং থেকে অপরিকল্পিত ও অবৈধ উপায়ে পাথর উত্তোলন বন্ধে জরুরিভিত্তিতে বিশেষ কার্যক্রম পরিচালনা করাসহ দায়ীদের বিরুদ্ধে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ঙ. **সমকাল, ডেইলি অবজারভার :** বাংলাদেশের কক্সবাজারের কুতুবদিয়া দ্বীপ নিয়ে এএফপি'র প্রচারিত প্রতিবেদনের উল্লেখ করে জলবায়ু পরিবর্তনে কুতুবদিয়া যেন হারিয়ে না যায় সে ব্যাপারে উন্নত দেশগলোকে প্রযুক্তি ও আর্থিক সহায়তা দিয়ে আন্তরিকতার সঙ্গে এগিয়ে আসার আহ্বান;

চ. **ইনকিলাব, ভোরের কাগজ, প্রথম আলো, ডেইলি স্টার, নিউ এজ :** দেশের সড়ক মহাসড়কগুলোতে যানবাহন চলাচল নির্বিঘ্ন ও নিরাপদ রাখার বিষয়ে হাইকোর্টের নির্দেশ যথাযথভাবে বাস্তবায়নের উদ্যোগ নেওয়ার সুপারিশ;

ছ. **ইন্ডিপেনডেন্ট :** জোরপূর্বক অপহরণ করা লোকদের পরিবারের দুর্ভোগ বিবেচনায় নিয়ে এ ব্যাপারে ন্যায় বিচার প্রাপ্তি নিশ্চিত করার আহ্বান;

জ. **ডেইলি সান :** দরিদ্র পরিবারের সন্তানরা পরিবারের আর্থিক সহায়তায় অল্প বয়সে কাজে জড়িয়ে পড়ায় তাদের শৈশব হারিয়ে যায় উল্লেখ করে এসব বাচ্চাদের স্কুলে যাওয়ার সুযোগ তৈরি করে দেওয়ার ওপর গুরুত্বারোপ;

ঝ. **নিউ এজ :** জেনেটিক্যালি মোডিফাইড জিএম বীজ দেশের ভূপ্রকৃতিতে ক্ষতিকর প্রভাব ফেলতে পারে আশঙ্কা করে জাতীয় স্বার্থে চীন ও ভারত থেকে তুলার জিএম সিড না আনার ব্যাপারে সমাজের সচেতন নাগরিকদের সরকারকে বাধ্য করার ব্যাপারে এগিয়ে আসার আহ্বান;

ঞ. **নিউ নেশন, যায়যায়দিন :** স্বাস্থ্যসেবার ব্যয় বেড়ে যাওয়ায় দরিদ্র জনগোষ্ঠী এ সেবা থেকে বঞ্চিত হওয়ার আশঙ্কা করে গরিব মানুষ যেন কম খরচে চিকিৎসাসেবা পায় সরকারকে তার ব্যবস্থা করার সুপারিশ জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে বর্তমান গণতান্ত্রিক বিশ্বে নির্বাচনী শাসন ব্যবস্থায় শরিকদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'ভেজাল ওষুধে বাজার সয়লাব ঝুঁকির মধ্যে জনস্বাস্থ্য'** শিরোনামের নিবন্ধে হেলেনা জাহাঙ্গীর যারা ভেজাল ওষুধ তৈরির মাধ্যমে মানুষের জীবনকে ঝুঁকির মধ্যে ঠেলে দিয়েছে তাদের মদদদানকারীদের আইনের আওতায় আনতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, সোমবার ৭ ডিসেম্বর ২০১৫, ২৩ অগ্রহায়ণ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। এনডিসি পাঠ্যক্রমে কৌশল ও রীতিনীতি অন্তর্ভুক্ত করতে রাষ্ট্রপতির গুরুত্বারোপ

২। কারও কাছে হার মানবো না, মাথা উঁচু করে চলবো
: বিমানবাহিনীতে বিমান ও হেলিকপ্টার অন্তর্ভুক্তি অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৩। পাকিস্তানের সঙ্গে সম্পর্কের মূল্যায়ন হচ্ছে : পররাষ্ট্রমন্ত্রী

৪। ফেসবুক ফিল্টারিংয়ের অধিকার চায় সরকার
- শিগগিরই খুলে দেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত : স্বরাষ্ট্রমন্ত্রী

৫। শিক্ষাঙ্গণে শিল্পচর্চার ওপর গুরুত্ব দিতে হবে : তথ্যমন্ত্রী

৬। নির্বাচন আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে তিনজন সংসদ সদস্যকে নির্বাচন কমিশনের নোটিশ

৭। চিরনিদ্রায় শায়িত ভাষাসংগ্রামী তোফাজ্জল হোসেন

৮। দেশের একটি শিশুও শিক্ষাবঞ্চিত থাকবে না : মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী

৯। সড়কে টোল আদায় করা যাবে না : সিটি কর্পোরেশন ও পৌরসভাকে নির্দেশ

১০। মোবাইল জ্যামারসহ জেএমবির তিন সদস্য গ্রেফতারের পর রিমাণ্ডে

১১। জঙ্গি তৎপরতা ঠেকাতে সীমান্তে সতর্ক বিজিবি
-সীমান্তে হত্যা তুলনামূলক কমেছে : বিজিবি মহাপরিচালক

১২। প্রবাসীরাও গৃহঋণ পাবেন : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

চলমান পাতা/২

১। **এনডিসি পাঠ্যক্রমে কৌশল ও রীতিনীতি অন্তর্ভুক্ত করতে রাষ্ট্রপতির গুরুত্বারোপ**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বর্তমান বিশ্বের ব্যাপক বিশৃঙ্খলা ও হুমকির কথা উল্লেখ করে ক্রমবর্ধমান এসব হুমকি মোকাবিলায় ন্যাশনাল ডিফেন্স কলেজের (এনডিসি) পাঠ্যক্রমে কৌশল, রীতিনীতি ও ব্যবস্থাপনার বিষয় অন্তর্ভুক্ত করার প্রতি গুরুত্বারোপ করেছেন; যাতে এখানকার গ্র্যাজুয়েটেরা নীতিনির্ধারক হিসেবে সাফল্যের সঙ্গে পরিস্থিতি মোকাবিলা করতে পারে। গতকাল ৬ ডিসেম্বর রোববার ন্যাশনাল ডিফেন্স কোর্স ২০১৫ এবং আর্মড ফোর্সেস ওয়ার কোর্স-২০১৫তে অংশগ্রহণকারীরা বঙ্গভবনে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে রাষ্ট্রপতি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৩), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

২। **কারও কাছে হার মানবো না, মাথা উঁচু করে চলবো**

**: বিমানবাহিনীতে বিমান ও হেলিকপ্টার অন্তর্ভুক্তি অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

মুক্তিযুদ্ধে বিজয়ের কথা জাতিকে মনে রাখার তাগিদ দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আমরা কারও কাছে হার মানি না, পরাজিত হই না। বিশ্বে আমরা মাথা উঁচু করে চলবো। সেইভাবে আমাদের নিজেদের গড়ে তুলতে হবে। গতকাল ৬ ডিসেম্বর রোববার বাংলাদেশ বিমান বাহিনীতে রাশিয়ার তৈরি কমব্যাট প্রশিক্ষণ বিমান ইয়াক-১৩০ এবং ইতালির তৈরি অনুসন্ধান ও উদ্ধার হেলিকপ্টার অগাস্টা এডবিøউ-১৩৯ এর অন্তর্ভুক্তি উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২)।

৩। **পাকিস্তানের সঙ্গে সম্পর্কের মূল্যায়ন হচ্ছে : পররাষ্ট্রমন্ত্রী**

সম্প্রতি দুই যুদ্ধাপরাধীর মৃত্যুদণ্ড কার্যকর করার পর পাকিস্তান যে ধরনের আচরণ করেছে এরপর দেশটির সঙ্গে বাংলাদেশের সম্পর্ক নতুন করে মূল্যায়ন করা হচ্ছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। গতকাল ৬ ডিসেম্বর রোববার রাজধানীর ধানমন্ডির ডবিøউভিএ মিলনায়তনে একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটি আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭)।

৪। **ফেসবুক ফিল্টারিংয়ের অধিকার চায় সরকার**

**- শিগগিরই খুলে দেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত : স্বরাষ্ট্রমন্ত্রী**

ফেসবুকে সাম্প্রদায়িক উস্কানি, রাষ্ট্রের জন্য ক্ষতিকর, নারীর প্রতি অবমাননাকরসহ বিকৃত ও অসামাজিক পোস্টগুলো ফিল্টারিংয়ের অধিকার চায় বাংলাদেশ। পাশাপাশি এখানে ফেসবুকের অফিস তৈরি, এডমিন বসানো ও চুক্তি করার ব্যাপারেও আগ্রহ দেখিয়েছে সরকারের প্রতিনিধিরা। ফেসবুকের দুই কর্মকর্তা বলেছেন, বাংলাদেশকে এসব ব্যাপারে তারা সহযোগিতা করতে আগ্রহী। তবে সদর দফতরের ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে আলোচনার পর বাংলাদেশকে এসব বিষয়ে অবহিত করবেন তারা। গতকাল ৬ ডিসেম্বর রোববার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে ফেসবুকের দুই ঊর্ধ্বতন কর্মকর্তার সঙ্গে বৈঠক করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল, টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম এবং তথ্য ও যোগাযোগ প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকসহ পুলিশ, র‌্যাব ও গোয়েন্দা সংস্থাগুলোর ঊর্ধ্বতন কর্মকর্তারা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **প্রথম আলো** (পৃ.১,ক.১), **যুগান্তর** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪)।

৫। **শিক্ষাঙ্গণে শিল্পচর্চার ওপর গুরুত্ব দিতে হবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, সাম্প্রদায়িকতার আবর্জনা পরিষ্কারে শিল্প-সাহিত্যচর্চা অন্যতম শক্তিদাতা। এ জন্য দেশের শিক্ষাঙ্গণে শিল্প-সাহিত্যচর্চার ওপর সংশিøষ্টদের বিশেষ গুরুত্ব দিতে হবে। গতকাল ৬ ডিসেম্বর রোববার রাতে রাজধানীর মিরপুর ক্যান্টনমেন্টে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) মিলনায়তনে বিইউপি লিট-ফেস্ট ২০১৫ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৩)।

৬। **নির্বাচন আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে তিনজন সংসদ সদস্যকে নির্বাচন কমিশনের নোটিশ**

আগামী ৩০ ডিসেম্বর অনুষ্ঠেয় পৌরসভা নির্বাচনে আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে ক্ষমতাসীন আওয়ামী লীগের তিনজন সংসদ সদস্যকে কারণ দর্শাতে নোটিশ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। নোটিশপ্রাপ্তরা হলেন-বরগুনা-২ আসনের হাচানুর রহমান রিমন, ঢাকা-২০ আসনের এম এ মালেক ও নাটোর-২ আসনের সাংসদ শফিকুল ইসলাম শিমুল। তিন সংসদ সদস্যকে তিন দিনের মধ্যে অভিযোগের বিষয়ে তাদের বক্তব্য নির্বাচন কমিশনকে জানাতে হবে। গতকাল ৬ ডিসেম্বর রোববার নির্বাচন কমিশন সচিব সিরাজুল ইসলাম এ তথ্য জানান। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭)। **ইত্তেফাক** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

চলমান পাতা/৩

**৭। চিরনিদ্রায় শায়িত ভাষাসংগ্রামী তোফাজ্জল হোসেন**

বায়ান্নর ভাষা আন্দোলনে কবি ও গীতিকার হিসেবে সক্রিয় ভূমিকা পালন করেছিলেন তোফাজ্জল হোসেন। একাধারে ভাষা সংগ্রামী, কবি ও সাংবাদিক হিসেবে পরিচিত মানুষটির মরদেহে কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধা জানান সাংস্কৃতিক ও রাজনৈতিক অঙ্গনের ব্যক্তিরা। বাদ জোহর ঢাকা বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রীয় মসজিদে তার জানাজা শেষে মিরপুর বুদ্ধিজীবী কবরস্তানে তাকে চিরনিদ্রায় শায়িত করা হয়েছে। তোফাজ্জল হোসেনের মরদেহে ফুল দিয়ে শেষ শ্রদ্ধা নিবেদন করেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। সূত্র-**সমকাল** (পৃ.১৯, ক.৩), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫)।

**৮। দেশের একটি শিশুও শিক্ষাবঞ্চিত থাকবে না : মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী**

মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বলেছেন, দেশের একটি শিশুও শিক্ষা থেকে বঞ্চিত থাকবে না। এ লক্ষ্যে সরকার কাজ করে যাচ্ছে। দেশের সকল শিশুকে যোগ্য নাগরিক হিসেবে গড়তে পারলে আমরা ২০৪১ সালে উন্নত রাষ্ট্রে পরিণত হতে পারব। তিনি বলেন, বাংলাদেশ পাঁচ বছরের নিচে শিশু মৃত্যু হাজারে ৪১ জন এবং ইনফেন্ট মরটালিটি হাজারে ৩২ জনে নামিয়ে এনেছে। প্রতিমন্ত্রী গতকাল ৬ ডিসেম্বর রোববার রাজধানীর গুলশানে স্পেকট্রা কনভেনশন সেন্টারে বাংলাদেশ ইসিডি নেটওয়ার্ক (বেন) আয়োজিত জাতীয় ইসিডি (আরলি চাইল্ডহুড ডেভেলপমেন্ট) কনফারেন্সে ২০১৫ এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ সব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৪), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

**৯। সড়কে টোল আদায় করা যাবে না : সিটি কর্পোরেশন ও পৌরসভাকে নির্দেশ**

সারাদেশে সিটি কর্পোরেশন ও পৌরসভা কর্তৃক তাদের অধিক্ষেত্রে সড়ক ও মহাসড়কে টোল আদায় নিষিদ্ধ করেছে স্থানীয় সরকার মন্ত্রণালয়। গতকাল ৬ ডিসেম্বর রোববার স্থানীয় সরকার মন্ত্রণালয় থেকে এ সম্পর্কে নির্দেশনা জারি করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সমকাল** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১),

**১০। মোবাইল জ্যামারসহ জেএমবির তিন সদস্য গ্রেফতারের পর রিমাণ্ডে**

জঙ্গিদের হাতে এখন অত্যাধুনিক মোবাইল জ্যামার। কোথাও বৈঠকের আগে তারা ওই এলাকায় এই জ্যামার স্থাপন করেন। যেন ওই এলাকার মোবাইল ফোন অকার্যকর থাকে। আইনশৃঙ্খলা বাহিনীও যেন কোনো তথ্য না পায়। ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের হাতে গত ৫ ডিসেম্বর শনিবার রাতে মোবাইল জ্যামারসহ জেএমবির তিন সদস্যকে গ্রেফতারের পর প্রাথমিক জিজ্ঞাসাবাদে তারা এ তথ্য জানিয়েছে। গতকাল ৬ ডিসেম্বর রোববার ডিএমপির মহানগর গোয়েন্দা পুলিশের যুগ্ম কমিশনার মনিরুল ইসলাম এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৬)।

**১১। জঙ্গি তৎপরতা ঠেকাতে সীমান্তে সতর্ক বিজিবি**

**-সীমান্তে হত্যা তুলনামূলক কমেছে : বিজিবি মহাপরিচালক**

যেকোন ধরনের জঙ্গি তৎপরতা ঠেকাতে সীমান্তে কঠোর নজরদারি ও প্রতিবেশী দেশগুলোর সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রয়েছে। যদিও সীমান্তে হত্যাকাণ্ড আগের তুলনায় অনেক কমেছে, তবে একেবারে বন্ধ করা সম্ভব হয়নি। এজন্য বিএসএফের পাশাপাশি যারা রাতে অবৈধভাবে সীমান্তে পারাপার করছেন তারাও দায়ী। সীমান্তে হত্যাকাণ্ড একেবারে বন্ধ হবে যদি গরু চোরাচালান বন্ধ হয়। ডিজি হিসেবে দায়িত্ব নেওয়ার তিন বছর পূর্তি উপলক্ষে গতকাল ৬ ডিসেম্বর রোববার বিজিবি সদর দফতরে এক সংবাদ সম্মেলনে সাম্প্রতিক পরিস্থিতি ও নিজের বিভিন্ন অর্জন নিয়ে কথা বলেন বিজিবির মহাপরিচালক (ডিজি) মেজর জেনারেল আজিজ আহমেদ। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৩), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৬)।

**১২। প্রবাসীরাও গৃহঋণ পাবেন : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

ব্যাংক থেকে প্রবাসী বাংলাদেশিদের জন্য গৃহঋণ উন্মুক্ত করল বাংলাদেশ ব্যাংক। ভোক্তাঋণ নীতিমালার আওতায় বাড়ি বা ফ্ল্যাট কেনায় মোট ব্যয়ের সর্বোচ্চ ৫০ শতাংশ পর্যন্ত ঋণ দিতে পারবে ব্যাংক। তবে ঋণ নিয়ে জমি কেনা যাবে না। প্রবাসীদের পাঠানো অর্থ বিনিয়োগে আনতে কেন্দ্রীয় ব্যাংক এ সিদ্ধান্ত নিয়েছে। বাংলাদেশ ব্যাংক গতকাল ৬ ডিসেম্বর রোববার এ বিষয়ে একটি সার্কুলার ব্যাংকগুলোর কাছে পাঠিয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **প্রথম আলো** (পৃ.১২,ক.১), **ডেইলি স্টার** বিজনেস (পৃ.১,ক.১), **ডেইলি সান** বিজনেস (পৃ.১,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো, সংবাদ, ইনকিলাব, যায়যায়দিন, ডেইলি সান, নিউ নেশন :** দিনাজপুরের কাহারোল উপজেলার কান্তজিউ মন্দির প্রাঙ্গণে রাসমেলা উপলক্ষে আয়োজিত যাত্রাপালার আসরে বোমা বিস্ফোরণের ঘটনা কোনো বিচ্ছিন্ন ঘটনা নয় বরং এ ধরনের একের পর এক ঘটনা রাষ্ট্রীয় নিরাপত্তার জন্য বিপদ ডেকে আনতে পারে এ আশঙ্কা প্রকাশ করে এসব অপশক্তিকে রুখতে এসব হামলায় জড়িতদের অবিলম্বে গ্রেফতার ও

বিচারের দাবি;

চলমান পাতা/৪

খ. **ইত্তেফাক :** প্রতি বৎসরের মতো এবারও বাংলাদেশে উত্থাপিত 'শান্তির সংস্কৃতি' বিষয়ে প্রস্তাবনা জাতিসংঘের সাধারণ পরিষদে গৃহীত হওয়ার কথা উল্লেখ করে বিশ্বে ক্রমবর্ধমান অশান্তি দূর করতে গৃহীত প্রস্তাব যথাযথভাবে বাস্তবায়িত হবে বলে প্রত্যাশা ব্যক্ত;

গ. **সমকাল :** রাজধানীতে ভ্রাম্যমাণ আদালত বিভিন্ন চিকিৎসাকেন্দ্রে অভিযান চালিয়ে মেয়াদোত্তীর্ণ ওষুধ ও চিকিৎসা সরঞ্জাম, বিভিন্ন ডিগ্রি উল্লেখ করে ভুয়া চিকিৎসক, অপরিচ্ছন্ন অপারেশন থিয়েটার ও দূষিত রক্ত সরবরাহ এসব চিত্রের সন্ধান পাওয়াকে ভয়াবহ উল্লেখ করে জীবন নিয়ে এ মরণ খেলা বন্ধ করতে কঠোর ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ;

ঘ. **যুগান্তর :** বাংলাদেশে ব্যবসায় নিয়োজিত বিদেশি এয়ারলাইন্সগুলো সরকারের প্রাপ্য শুল্ক ফাঁকি দিয়ে বছরে প্রায় তিন কোটি টাকা পাচার করছে উল্লেখ করে এদের সব অনিয়ম দুর্নীতি কঠোর হাতে দমন করার সুপারিশ;

ঙ. **যায়যায়দিন :** অন্য কেমিক্যালের নামে অবৈধভাবে বিভিন্ন শুল্ক বন্দর দিয়ে দেশে প্রবেশ করছে ফরমালিন এ ব্যাপারে উদ্বেগ প্রকাশ করে এর জন্য দায়ী অসাধু ব্যবসায়ীদের চিহ্নিত করে আইনি ব্যবস্থা নেওয়ার দাবি;

চ. **ডেইলি স্টার, সংবাদ :** জঙ্গি গ্রেফতারে নিরাপত্তার স্বার্থে বাড়ির মালিক ও ভাড়াটিয়াদের সম্বন্ধে ব্যক্তিগত তথ্য সংগ্রহ করতে ডিএমপির ফরম বিতরণের উদ্যোগ জনসম্মুখে প্রকাশিত না করায় জনমনে উদ্বেগ দেখা দেওয়ায় এ ব্যাপারে প্রয়োজন যথার্থ আইনি প্রক্রিয়া বলে অভিমত;

ছ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের ধর্মীয় নেতা বিশেষ করে মসজিদের ইমামদের প্রতি সন্ত্রাসী তৎপরতা বন্ধে সরকারকে সহযোগিতা করতে আইজিপি'র আহ্বানের পরিপ্রেক্ষিতে যথাযথ সাড়া প্রাপ্তির প্রত্যাশা;

জ. **নিউজ টুডে :** ঢাকা মহরে ৩৪টি ফুট ওভারব্রিজ থাকলেও গুটিকয়েক সঠিকভাবে ব্যবহৃত হওয়ার পরিপ্রেক্ষিতে অবশিষ্টগুলো যেন ব্যবহৃত হয় সেজন্য রাস্তা ক্রসিং পয়েন্ট পরিবর্তন করে স্টিলের ব্রিজগুলো স্থানান্তর করা, ময়লা আবর্জনা পরিষ্কার, ব্রিজের অস্থায়ী দোকান তুলে দেওয়াসহ নানাবিধ পদক্ষেপ নেওয়ার সুপারিশ;

ঝ. **নিউ এজ :** সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষা ব্যবস্থায় সময় উপযোগী পরিবর্তন আনতে বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরী কমিশনকে যথার্থ উদ্যোগ নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত 'চাই ক্ষমতায়ন ও সুষ্ঠু নির্বাচন' কলামে মুজাহিদুল ইসলাম সেলিম সংবিধানে রাষ্ট্রক্ষমতার গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণের যে ব্যবস্থার কথা বলা হয়েছে তা কার্যকর করার জন্য একদিকে স্থানীয় স্বশাসিত সংস্থার ক্ষমতায়ন যেমন অপরিহার্য তেমনই অপরিহার্য হলো অবাধ নিরপেক্ষ নির্বাচন বলে উল্লেখ করেছেন।

## নিবন্ধ ও ফিচার

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'জাতীয় নেতৃত্ব থেকে বিশ্ব নেতৃত্বের প্রতীক শেখ হাসিনা'** শিরোনামের নিবন্ধে রতনতনু ঘোষ প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের গুণাবলি, সাফল্য ও দৃঢ়তা ক্রমাগত বাড়ায় জাতীয় নেতৃত্বের সাথে সাথে বিশ্বনেতৃত্বে শেখ হাসিনার অবস্থান দৃঢ় হয়েছে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা

আসন্ন পৌরসভা নির্বাচনের বিধিমালার কয়েকটি বিধিকে ত্রম্নটিপূর্ণ উলেস্নখ করে প্রতীক বরাদ্দসহ নির্বাচনের সব কার্যক্রম স্তগিত চেয়ে হাইকোর্টে রিট করা হয়েছে। গতকাল **১৩** ডিসেম্বর রোববার হাইকোর্টে সংশিস্নষ্ট শাখায় আইনজীবী অ্যাডভোকেট এসএম জুলফিকার আলী জুনু এ রিট আবেদন দায়ের করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (পৃ.২,ক.৪)।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ৯ ডিসেম্বর ২০১৫, ২৫ অগ্রহায়ণ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১।

চলমান পাতা/২

১। **প্রধানমন্ত্রী**
প্রধানমন্ত্রী শেখ হাসিনা
সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২),

২। **প্রধানমন্ত্রী**
প্রধানমন্ত্রী শেখ হাসিনা
সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১),

৩। **প্রধানমন্ত্রী**
প্রধানমন্ত্রী শেখ হাসিনা
সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১),

৪। **প্রধানমন্ত্রী**
প্রধানমন্ত্রী শেখ হাসিনা
সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১),

৫। **প্রধানমন্ত্রী**
প্রধানমন্ত্রী শেখ হাসিনা
সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬),

৬। **প্রধানমন্ত্রী**
প্রধানমন্ত্রী শেখ হাসিনা
সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১),

৭। **প্রধানমন্ত্রী**
প্রধানমন্ত্রী শেখ হাসিনা
সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১),

৮। **প্রধানমন্ত্রী**
প্রধানমন্ত্রী শেখ হাসিনা
সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১),

৯। **প্রধানমন্ত্রী**
প্রধানমন্ত্রী শেখ হাসিনা
সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১),

১০। **প্রধানমন্ত্রী**
প্রধানমন্ত্রী শেখ হাসিনা
সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১),

১১। **প্রধানমন্ত্রী**
প্রধানমন্ত্রী শেখ হাসিনা
সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১),

১২। **প্রধানমন্ত্রী**
প্রধানমন্ত্রী শেখ হাসিনা
সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১),

১৩। **প্রধানমন্ত্রী**
প্রধানমন্ত্রী শেখ হাসিনা
সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১),

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো :** ক

খ. **ইত্তেফাক :** ক

গ. **জনকণ্ঠ :** ক

ঘ. **জনকণ্ঠ :** ক

ঙ. **জনকণ্ঠ :** ক

চ. **জনকণ্ঠ :** ক

ছ. **জনকণ্ঠ :** ক

জ. **জনকণ্ঠ :** ক

ঝ. **জনকণ্ঠ :** ক

ঞ. **জনকণ্ঠ :** ক

জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে

**নিবন্ধ ও ফিচার**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'...'** শিরোনামের নিবন্ধে

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা